Boighar.com

Professor's Prokashon
Banglabazar, Dhaka

NEW EDITION
2021

ENGLISH FOR COMPETITIVE EXAMS

বইঘর নিবেদন

Md. Fazlul Haque

যে কোনো প্রতিযোগিতামূলক পরীক্ষার দ্রুততম
ও সফল প্রস্তুতির এক অনন্য সহায়িকা

চাকরি ও
ভর্তি পরীক্ষার
ইংরেজি সহায়িকা

Professor's Prokashon

বইঘর

New Edition
2021

বিগত বিসিএস, পিএসসি, ব্যাংক নিয়োগ এবং
বিশ্ববিদ্যালয় ও মেডিকেল ভর্তি পরীক্ষার
MCQ পর্যবেক্ষণ ও বিশ্লেষণে বিশেষ
টেকনিক অবলম্বনে

ENGLISH FOR COMPETITIVE EXAMS

চাকরি ও
ভর্তি পরীক্ষার
ইংরেজি সহায়িকা

যে কোনো প্রতিযোগিতামূলক পরীক্ষার দ্রুততম
ও সফল প্রস্তুতির এক অনন্য সহায়িকা

By
Md Fazlul Haque
BA (Hons), English
MA (Applied Linguistics & ELT), DU
BCS (General Education)
Assistant Professor, Department of English
Kurigram Govt. Women's College, Kurigram

Professor's Prokashon
Email pp@professorsbd.com ● web www.professorsbd.com
/professorsprokashonbd

ENGLISH FOR COMPETITIVE EXAMS

YEARLY EDITION

1st	January 2008
2nd	January 2009
3rd	January 2010
4th	January 2011
5th	January 2012
6th	January 2013
7th	January 2014
8th	February 2015
9th	April 2015
10th	April 2016
11th	January 2017
12th	April 2017
13th	January 2018
14th	January 2019
15th	January 2020

16th Edition
MARCH 2021
Updated & Revised Edition

Published by Jashim Uddin
Professor's Prokashon
37/1 (1st Floor), Banglabazar, Dhaka 1100
Web www.professorsbd.com
Email pp@professorsbd.com
/professorsprokashonbd

Printed by Suborno Printers
3/Ka-Kha Patuatuli Lane, Dhaka-1100

Cover Rafique Ullah, The Designer

Price : Taka 850

Distributor Bornali Boi Ghor
53 Nilkhet, Dhaka-1205
Phone 01712 223883

SHARE & CARE

পাঠকদের চাহিদা ও মতামত প্রদান এবং বইটিকে আরও তথ্যসমৃদ্ধ ও নির্ভুল করার জন্য খোলা হয়েছে 'Share & Care' নামে নতুন একটি বিভাগ। বইটির কোনো বিষয়ে যে কোনো মতামত বা জিজ্ঞাসা থাকলে যুক্ত হতে পারেন **English for Competitive Exams** বইটির নিজস্ব ফ্যান বা গ্রুপ পেইজের সাথে।

Fan Page https://www.facebook.com/cexams/
Group Page : https://www.facebook.com/groups/cexamsgroup/

Dedicated

to my elder brother

Badrul Alam

whose inspiration paved the way for a fruitful future



EXAMS

COMPETITIVE

বইটির বৈশিষ্ট্য

বইঘর.কম

- সকল প্রশ্নের গবেষণাধর্মী বিশ্লেষণ, বিষয়ভিত্তিক বিন্যাস ও বিশদ ব্যাখ্যা।
- Grammar-এর অপ্রয়োজনীয় অংশ বাদ দিয়ে শুধু পরীক্ষার জন্য প্রয়োজনীয় Rules সংযোজন।
- নিজস্ব নয়, পরীক্ষার প্রশ্ন দিয়ে সকল Example।
- প্রত্যেক Example-এর সাথে সংশ্লিষ্ট পরীক্ষার Reference।
- Real Test-এর মাধ্যমে বাস্তবধর্মী ও কার্যকর অনুশীলন।
- অনুশীলনী অংশে বিগত বিভিন্ন নিয়োগ ও ভর্তি পরীক্ষার প্রশ্ন এক নজরে দেখার সুযোগ।
- কয়েক মাস নয়, মাত্র কয়েক দিনে বিস্ময়কর দ্রুততম প্রস্তুতির সহায়ক।

যেসব ক্ষেত্রে বইটি প্রয়োজন

BCS, PSC'র সকল নিয়োগ, ব্যাংক-বীমা, বিশ্ববিদ্যালয় ভর্তি কিংবা সরকারি-বেসরকারি মাধ্যমিক ও প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক নিয়োগ, প্রভাষক ও শিক্ষক নিবন্ধন পরীক্ষা এবং যে কোনো দপ্তর-সংস্থা কর্তৃক গৃহীত নিয়োগ পরীক্ষাসহ Private Tutor ও বিভিন্ন পরীক্ষার প্রশ্নকর্তার (Test Buster) জন্য বিশেষ সহায়ক গ্রন্থ।

COMPETITIVE EXAMS

ভূমিকা

ইংরেজির আন্তর্জাতিকতা নিয়ে অতিরিক্ত আলোচনা আজকাল অনেকটাই অপ্রাসঙ্গিক। কারণ ইংরেজি-অজ্ঞতা আন্তর্জাতিকভাবে তো বটেই, অভ্যন্তরীণভাবেও আজ চরম চ্যালেঞ্জের সম্মুখীন। বিশ্ববিদ্যালয় থেকে সম্মান ডিগ্রি নিয়ে শিক্ষিত বেকারের সংখ্যা যেমন বেড়ে চলেছে, তেমনি ইংরেজিতে অদক্ষতার কারণে অনেক প্রতিভাবান প্রার্থী মর্যাদাপূর্ণ চাকরি পেতে বেশিরভাগ ক্ষেত্রেই ব্যর্থ হচ্ছেন। এমতাবস্থায় সাধারণ চাকরি প্রার্থীরা বাজারে বের হওয়া বিভিন্ন নিয়োগ পরীক্ষার জন্য ভিন্ন ভিন্ন গাইডের গোলক ধাঁধায় যখন দিগ্বিদিক জ্ঞানশূন্য, তখন মোটামুটি অগ্রসর প্রার্থীরা বিভিন্ন জব কোচিংয়ের যাঁতাকলে পিষ্ট, পরিশ্রান্ত ও সর্বস্বান্ত। সাধারণভাবে ইংরেজি বিষয়ে দক্ষতা অর্জনের জন্য বাজারে গুটিকয়েক নামী-দামি গ্রামার বই থাকলেও শুধু ক্যারিয়ারকেন্দ্রিক বা চাকরিমুখী এমন কোনো ইংরেজি বই বাংলাদেশের বাজারে নেই, যা দ্বারা প্রায় সবধরনের প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রয়োজন পূরণ করা যায়। ইংরেজি বিষয়ে সব পরীক্ষার জন্য প্রযোজ্য একটি কমন প্লাটফর্ম তৈরির সুদূরপ্রসারী পরিকল্পনা নিয়ে 'English for Competitive Exams' প্রকল্পটির সূচনা হয়েছিল প্রথম সংস্করণ প্রকাশ হওয়ার প্রায় তিন বছর আগে— ২০০৫ সালে। সর্বোচ্চ সংখ্যক পরীক্ষার কয়েক হাজার (MCQ Type) ইংরেজি প্রশ্নের তথ্য-উপাত্ত সংগ্রহ, সংরক্ষণ, বিশ্লেষণ, বিভাজন ও প্রক্রিয়াজাতকরণের মাধ্যমে সেই চিত্রকল্পটি বাস্তব রূপ লাভ করেছে।

The Testing Technique

বাংলাদেশে ইংরেজি শিক্ষার মানোন্নয়নে কোটি কোটি টাকা ব্যয় করা হলেও ইংরেজি ভাষার দক্ষতা যাচাই ও মূল্যায়নের জন্য National English Testing Service/Institute-এর মতো বিশেষায়িত কোনো প্রতিষ্ঠান আজও গড়ে ওঠেনি। তাই ইংরেজি ভাষাজ্ঞান যাচাইয়ের জন্য প্রায় সব পরীক্ষায় একটি চিরাচরিত ধারাবাহিকতা অবলম্বন করা হয়। এ ধারার সাধারণ বিবেচ্য বিষয় হচ্ছে একটি ১০০ বা ২০০ নম্বরের পরীক্ষায় ইংরেজির জন্য বরাদ্দ হওয়া যথাক্রমে ১৫-২০টি বা ৩৫-৪০টি প্রশ্ন দ্বারা প্রার্থীর পূর্ণাঙ্গ ভাষাজ্ঞান যাচাই অসম্ভব। তাই প্রশ্নকর্তা গ্রামারের ঐসব বিষয়ের ওপর প্রশ্ন করে থাকেন, যার দ্বারা প্রার্থীর ন্যূনতম ইংরেজি জ্ঞান সম্বন্ধে একটি সাধারণ ধারণা লাভ করা যায়। তবে কোনো কোনো ক্ষেত্রে এর বিপরীত প্রবণতাও লক্ষণীয়। প্রার্থীর বিশেষ দক্ষতা (Proficiency) ও অগ্রসরতা (Progress) যাচাইয়ের জন্য কিছু ব্যতিক্রমধর্মী বিষয়ের অবতারণাও করা হয়ে থাকে।

Tracing the Testing Areas

বিগত দুই যুগে অনুষ্ঠিত বিভিন্ন নিয়োগ ও ভর্তি পরীক্ষার কয়েক হাজার প্রশ্ন বিশ্লেষণে দেখা গেছে যে, প্রায় অধিকাংশ প্রশ্ন কিছু বিশেষ Test Area-এর মধ্যে সীমাবদ্ধ। অন্য কথায়, ইংরেজি গ্রামারের ওপর পূর্ণাঙ্গ প্রস্তুতির অবাস্তব ঝামেলা কিংবা শূন্য প্রস্তুতির চেয়ে বিশেষ কিছু বিষয়ের ওপর পরিকল্পিত প্রস্তুতি নিলে কম পরিশ্রমে ইংরেজিতে বেশি ভালো করা সম্ভব। বিগত পরীক্ষাসমূহের প্রশ্ন বিশ্লেষণে আরও যে মজার তথ্যটি বেরিয়ে এসেছে তা হলো, একই প্রশ্নের হুবহু পুনরাবৃত্তি লক্ষ্য করা গেছে বহু পরীক্ষায়। সুতরাং ঐসব Test Area-এর ওপর পূর্ণাঙ্গ প্রস্তুতি নিলে আশা করা যায় আপনি কম পুঁজিতে বেশি লাভবান হতে পারবেন।

How the Book Is Organized

বিগত পরীক্ষাসমূহে যেসব Test Area থেকে প্রশ্ন এসেছে সেসব Test Area-কে এ বইয়ে আলাদা আলাদা ৫০টি অধ্যায়ে সাজানো হয়েছে। একেকটি Test Area তথা অধ্যায়ের সকল Item (Question) বিশ্লেষণ করে তৈরি করা হয়েছে ঐসব প্রশ্নের Grammatical Rules, যেগুলো পরীক্ষার জন্য বেশি গুরুত্বপূর্ণ। প্রত্যেকটি Rule-এর সাথে দেয়া হয়েছে এক বা একাধিক Real Example (▶ চিহ্ন যুক্ত), যা কোনো না কোনো পরীক্ষায় এসেছে। পদভিত্তিক প্রস্তুতির সুবিধার্থে প্রত্যেকটি ▶ Real Example-এর ডানপাশে সংশ্লিষ্ট পরীক্ষার নাম ও পদের নাম উল্লেখ করা হয়েছে। প্রত্যেক Chapter-এর শেষে The Real Test নামে একটি অনুশীলনী যুক্ত করা হয়েছে, যাতে ঐ Area-এর ওপর আসা সকল প্রশ্ন সন্নিবেশিত হয়েছে। প্রত্যেকটি Chapter-এর The Real Test-কে BCS Preliminary, PSC & Other Exams', Govt. & Private Bank, University & Medical Questions নামে চারটি ক্যাটাগরিতে উপস্থাপন করা হয়েছে। পাশপাশি বিগত ১০ম-৪০তম BCS, PSC, Bank ও University Admission প্রশ্নের ২০১৬–২০২০ সালের প্রশ্নগুলোতে ব্যাখ্যা বা Hints সংযোজন করা হয়েছে। প্রশ্নগুলোর উত্তর দেয়া হয়েছে ডান মার্জিনে, যাতে সেগুলো ঢেকে ধরে আপনি নিজেকে নিজেই যাচাই করে নিতে পারেন। কিছু কিছু প্রশ্ন আছে যা আমরা অসাবধানতাবশত ভুল করে থাকি, সেগুলো স্মরণ করিয়ে দেয়ার জন্য কোনো কোনো অধ্যায়ের শেষে 'Points to Ponder over' নামে একটি বক্স সংযুক্ত করা হয়েছে। এখানে উল্লেখ্য, এ বইয়ের অধ্যায়গুলোকে Grammar, Vocabulary, Literature & Comprehension passage অনুযায়ী সাজানো হয়েছে।

COMPETITIVE EXAMS

How to Prepare Yourself

আপনি যে পদ বা পরীক্ষার জন্য প্রস্তুতি নিচ্ছেন, প্রথমে সেই পরীক্ষার বিগত ৫/৭ বছরের প্রশ্ন সংগ্রহ করুন। প্রশ্নগুলোকে বিশ্লেষণ করে দেখুন কোন কোন Test Area-এর ওপর বেশি প্রশ্ন এসেছে। ঐসব Test Area বেশি বেশি অধ্যয়ন করুন। এর অর্থ এই নয় যে, আপনি অন্য Area-গুলো একেবারে বাদ দিবেন। আপনি যদি বিশ্ববিদ্যালয় ভর্তিচ্ছু হন বা অন্য কোনো প্রতিযোগিতামূলক পরীক্ষায় অংশ নিতে চান তাহলেও আপনাকে উপরোল্লিখিত পদ্ধতিতে প্রস্তুতি নিতে হবে। উল্লেখ্য, প্রশ্নের পুনরাবৃত্তি অনেক সময় নাও হতে পারে। তাই আপনাকে ▶ Real Example-এর চেয়ে সংশ্লিষ্ট Rule ভালোভাবে হৃদয়ঙ্গম করতে হবে।

The Quickest Ever Preparation

ধরুন, এক মাস পর আপনার বিসিএস, নন-ক্যাডার, ব্যাংক বা অন্য কোনো চাকরি কিংবা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা। আপনার কাছে এমন কোনো ম্যাজিক কি আছে যা দ্বারা আপনি এত কম সময়ে ইংরেজির মতো কঠিন বিষয়ের প্রস্তুতি শেষ করতে পারেন? হ্যাঁ আছে— 'English for Competitive Exams'। আপনি যদি প্রতিদিন একটি করে Chapter ভালোভাবে পড়ে শেষ করেন, তাহলে এক মাসের কিছু বেশি সময় লাগবে নিজেকে প্রস্তুত করতে। আপনার হাতে যদি ৭ দিন সময় থাকে, তাহলে Important Chapter গুলোর ওপর বার বার সতর্ক চোখ বুলিয়ে যান—আশা করি আপনি হতাশ হবেন না। আপনার তীক্ষ্ণ মেধা, অটল ধৈর্য ও অসীম সাহস যদি থাকে, তাহলে আরও স্বল্পতম সময়ে আপনার প্রস্তুতি শেষ হলেও তাতে বিস্ময়ের কিছু থাকবে না।

The Target Group

বিসিএস, বিশ্ববিদ্যালয় ভর্তি, পিএসসি'র মাধ্যমে বিভিন্ন মন্ত্রণালয়ে নিয়োগ, সহকারী জজ নিয়োগ, ব্যাংক-বীমা কোম্পানিতে নিয়োগ, সরকারি মাধ্যমিক ও প্রাথমিক বিদ্যালয়ে সহকারী/প্রধান শিক্ষক নিয়োগ, প্রভাষক-শিক্ষক নিবন্ধন পরীক্ষাসহ সব ধরনের প্রতিযোগিতামূলক পরীক্ষার নিয়োগপ্রার্থীদের জন্য 'English for Competitive Exams' একটি অদ্বিতীয় অবলম্বন। স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের অত্যুৎসাহী শিক্ষার্থীরা—যারা এখন থেকে উচ্চাভিলাষী ক্যারিয়ার গঠনে আগ্রহী— এ বইটিকে ক্যারিয়ার বিল্ডার হিসেবে ব্যবহার করতে পারেন। সর্বোপরি প্রশ্নকর্তা (Test Busters) এবং পরীক্ষার্থী (Test Takers)— সবার জন্য বইটি হতে পারে একটি অত্যাবশ্যকীয় অনুষঙ্গ।

Limitations

এ বই রচনাকালে কয়েক হাজার প্রশ্নের সংগ্রহ, সংকলন, বিশ্লেষণ, বিভাজন, বণ্টন, পুনর্বণ্টন, সংযোজন, বিয়োজন, কম্পিউটারায়ন, মুদ্রণ সংশোধন— যে কোনো পর্যায়ে সজ্ঞানে বা অবচেতন মনে, ইচ্ছাকৃত বা অনিচ্ছাকৃতভাবে ত্রুটি-বিচ্যুতি, স্থানচ্যুতি বা ভুল হয়ে থাকলে আশা করি সচেতন পাঠক তা সহানুভূতির সাথে বিবেচনা করে সংশোধনের সুযোগ করে দেবেন। বিভিন্ন পরীক্ষায় বার বার আসা অভিন্ন প্রশ্ন একই ক্যাটাগরিতে পুনরাবৃত্তি করা হয়নি, তবে একই প্রশ্ন বিভিন্ন ক্যাটাগরিতে থাকলে তা রাখা হয়েছে।

বইটি Competitive exam-সমূহের Latest trend বিশ্লেষণপূর্বক সর্বশেষ পরীক্ষাসমূহের প্রশ্নপত্র সংযোজিত 16th Edition হলেও এতে কিছু অনিচ্ছাকৃত অসঙ্গতি থাকা অস্বাভাবিক নয়। বইটির পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন ও মানোন্নয়নে যে কোনো পরামর্শ সাদরে গৃহীত হবে। পাঠকদের চাহিদা ও মতামত প্রদান এবং বইটিকে আরও তথ্যসমৃদ্ধ ও নির্ভুল করার জন্য খোলা হয়েছে 'Share & Care' নামে নতুন একটি বিভাগ। বইটির কোনো বিষয়ে যে কোনো মতামত বা জিজ্ঞাসা থাকলে যুক্ত হতে পারেন **English for Competitive Exams** বইটির নিজস্ব Fan/Group Page-এর সাথে। পরিশেষে, যাদের জন্য বইটি লেখা তাদের সামান্যতম উপকার হলেও নিজের শ্রম সার্থক হবে বলে আমি মনে করি। বইটির ষষ্ঠদশ সংস্করণ প্রকাশের সঙ্গে যুক্ত সকলকে আমার আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ।

Md. Fazlul Haque

Syllabus for BCS Preliminary Test

English Language and Literature

Total Marks : 35

PART–I : Language — Marks–20

A) Parts of Speech :
- The Noun
  - The Determiner
  - The Gender
  - The Number
- The Pronoun
- The Verb
  - The Finite : transitive, intransitive
  - The Non-finite participles, infinitives, gerund
  - The Linking Verb
  - The Phrasal Verb
  - Modals
- The Adjective
- The Adverb
- The Preposition
- The Conjunction

B) Idioms & Phrases :
- Meanings of Phrases
- Kinds of Phrases
- Identifying Phrases

C) Clauses :
- The Principal Clause
- The Subordinate Clause
  - The Noun Clause
  - The Adjective Clause
  - The Adverbial Clause & its types

D) Corrections :
- The Tense
- The Verb
- The Preposition
- The Determiner
- The Gender
- The Number
- Subject-Verb Agreement

E) Sentences & Transformations
- The Simple Sentence
- The Compound Sentence
- The Complex Sentence
- The Active Voice
- The Passive Voice
- The Positive Degree
- The Comparative Degree
- The Superlative Degree

F) Words :
- Meanings
- Synonyms
- Antonyms
- Spellings
- Usage of words as various parts of speech
- Formation of new words by adding prefixes and suffixes

G) Composition :
- Names of parts of paragraphs/ letters/ applications

PART–II : Literature — Marks–15

H) English Literature :

Names of Writers of Literary Pieces from Elizabethan Period to the 21st Century

Quotations from Drama/Poetry of Different Ages

যেসব বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষার প্রশ্ন সংযোজিত হয়েছে



- ঢাকা বিশ্ববিদ্যালয়
- জগন্নাথ বিশ্ববিদ্যালয়
- জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
- রাজশাহী বিশ্ববিদ্যালয়
- চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
- খুলনা বিশ্ববিদ্যালয়
- ইসলামী বিশ্ববিদ্যালয়
- বরিশাল বিশ্ববিদ্যালয়
- কুমিল্লা বিশ্ববিদ্যালয়
- শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়
- শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
- বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়
- জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়
- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
- মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
- পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
- যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
- হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
- চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়
- বাংলাদেশ মেরিন একাডেমি
- ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত ৭ কলেজ

এবং

সরকারি মেডিকেল ও ডেন্টাল কলেজ

বইঘর.কম

BOIGHAR.COM

Please Give Us Some Credit When You Share Our Books!

Don't Remove This Page!

EXCLUSIVE

কই SCAN EDIT ঘর



Visit Us at boighar.com

If You Don't Give Us Any Credits, Soon There Il Nothing Left To Be Shared!

Contents

Chapter-01 : Identifying Parts of Speech		**01**
	The Real Test-01	**06 – 22**
	BCS Preliminary Questions	06
	PSC & Other Exams' Questions	07
	Govt. & Private Bank Questions	14
	University & Medical Questions	15
Chapter-02 : The Noun		**23**
	The Real Test-02	**28 – 32**
	BCS Preliminary Questions	28
	PSC & Other Exams' Questions	28
	University & Medical Questions	31
Chapter-03 : The Pronoun		**33**
	The Real Test-03	**36 – 42**
	BCS Preliminary Questions	36
	PSC & Other Exams' Questions	36
	Govt. & Private Bank Questions	38
	University & Medical Questions	39
Chapter-04 : The Adjective		**43**
	The Real Test-04	**46 – 49**
	BCS Preliminary Questions	46
	PSC & Other Exams' Questions	46
	University & Medical Questions	48
Chapter-05 : The Verb		**50**
	The Real Test-05	**58 – 62**
	BCS Preliminary Questions	58
	PSC & Other Exams' Questions	58
	University & Medical Questions	61
Chapter-06 : Number of Noun		**63**
	The Real Test-06	**70 – 78**
	BCS Preliminary Questions	70
	PSC & Other Exams' Questions	70
	Govt. & Private Bank Questions	74
	University & Medical Questions	75

Contents

Chapter-07 : Uncountable Problems		**79**
The Real Test-07		**83 – 85**
BCS Preliminary Questions		83
University & Medical Questions		84
Chapter-08 : Gender of Noun		**86**
The Real Test-08		**91 – 96**
BCS Preliminary Questions		91
Govt. & Private Bank Questions		94
University & Medical Questions		94
Chapter-09 : Determiners and Articles		**97**
The Real Test-09		**102 – 112**
BCS Preliminary Questions		102
PSC & Other Exams' Questions		103
Govt. & Private Bank Questions		107
University & Medical Questions		107
Chapter-10 : Degree of Comparison		**113**
The Real Test-10		**115 – 128**
BCS Preliminary Questions		118
PSC & Other Exams' Questions		118
Govt. & Private Bank Questions		123
University & Medical Questions		123
Chapter-11 : Adverbs		**129**
The Real Test-11		**134– 138**
BCS Preliminary Questions		134
PSC & Other Exams' Questions		134
Govt. & Private Bank Questions		136
University & Medical Questions		136
Chapter-12 : Inversions		**138**
The Real Test-12		**143-145**
PSC & Other Exams' Questions		143
Govt. & Private Bank Questions		143
University & Medical Questions		144

বইঘর.কম

Contents

Chapter-13 : Appropriate Prepositions 146

The Real Test-13	**173 – 225**
BCS Preliminary Questions	173
PSC & Other Exams' Questions	177
Govt. & Private Bank Questions	194
University & Medical Questions	203

Chapter-14 : Conjunctions 226

The Real Test-14	**231 – 241**
BCS Preliminary Questions	231
PSC & Other Exams' Questions	232
Govt. & Private Bank Questions	235
University & Medical Questions	236

Chapter-15 : Trouble with Tenses 242

The Real Test-15	**248 – 265**
BCS Preliminary Questions	248
PSC & Other Exams' Questions	249
Govt. & Private Bank Questions	256
University & Medical Questions	258

Chapter-16 : Verb Forms : Right or Wrong 266

The Real Test-16	**274 – 305**
BCS Preliminary Questions	274
PSC & Other Exams' Questions	277
Govt. & Private Bank Questions	285
University & Medical Questions	287

Chapter-17 : Agreement and Disagreement 306

The Real Test-17	**312 – 324**
BCS Preliminary Questions	312
PSC & Other Exams' Questions	313
Govt. & Private Bank Questions	317
University & Medical Questions	319

Chapter-18 : Modal Auxiliaries 325

The Real Test-18	**329 – 335**
BCS Preliminary Questions	329
PSC & Other Exams' Questions	329
University & Medical Questions	332

COMPETITIVE EXAMS

Contents

Chapter-19 : Conditional Sentence		**336**
	The Real Test-19	**339 – 350**
	BCS Preliminary Questions	339
	PSC & Other Exams' Questions	340
	Govt. & Private Bank Questions	342
	University & Medical Questions	343
Chapter-20 : Active and Passive Voice		**351**
	The Real Test-20	**358 – 383**
	BCS Preliminary Questions	358
	PSC & Other Exams' Questions	360
	Govt. & Private Bank Questions	369
	University & Medical Questions	372
Chapter-21 : Narration		**384**
	The Real Test-21	**389 – 408**
	BCS Preliminary Questions	389
	PSC & Other Exams' Questions	390
	Govt. & Private Bank Questions	395
	University & Medical Questions	398
Chapter-22 : Tag Question		**409**
	The Real Test-22	**411 – 416**
	PSC & Other Exams' Questions	411
	Govt. & Private Bank Questions	413
	University & Medical Questions	414
Chapter-23 : Identification of Phrases		**417**
	The Real Test-23	**421 – 423**
	BCS Preliminary Questions	421
	PSC & Other Exams' Questions	421
	University & Medical Questions	422
Chapter-24 : Identification of Clauses		**424**
	The Real Test-24	**431 – 434**
	BCS Preliminary Questions	431
	PSC & Other Exams' Questions	431
	University & Medical Questions	431

Boighar.com

COMPETITIVE EXAMS

Contents

Chapter-25 : Kinds of Sentence 435
The Real Test-25 439 – 444
BCS Preliminary Questions 439
PSC & Other Exams' Questions 439
Govt. & Private Bank Questions 441
University & Medical Questions 441

Chapter-26 : Transformation of Sentence 445
The Real Test-26 451– 463
BCS Preliminary Questions 451
PSC & Other Exams' Questions 451
Govt. & Private Bank Questions 455
University & Medical Questions 456

Chapter-27 : Dangling & Misplaced Modifiers 464
The Real Test-27 467 – 468
PSC & Other Exams' Questions 467
University & Medical Questions 467

Chapter-28 : Embedded Questions 469
The Real Test-28 470 – 472
BCS Preliminary Questions 470
Govt. & Private Bank Questions 470
University & Medical Questions 471

Chapter-29 : Parallel Construction 473
The Real Test-29 476 – 477
BCS Preliminary Questions 476
Govt. & Private Bank Questions 476
University & Medical Questions 476

Chapter-30 : Pin Point Error 478
The Real Test-30 481 – 501
BCS Preliminary Questions 481
PSC & Other Exams' Questions 481
Govt. & Private Bank Questions 484
University & Medical Questions 489

Chapter-31 : Redundancy 502
The Real Test-31 504 – 505
PSC & Other Exams' Questions 504
University & Medical Questions 504

বইঘর.কম

COMPETITIVE EXAMS

Contents

Chapter-32 : Correction 506
The Real Test-32 510 –568
BCS Preliminary Questions 510
PSC & Other Exams' Questions 514
Govt. & Private Bank Questions 534
University & Medical Questions 543

Chapter-33 : Finding Missing Word 569
The Real Test-33 571 – 587
PSC & Other Exams' Questions 571
Govt. & Private Bank Questions 581

Chapter-34 : Translation 588
The Real Test-34 593 – 611
BCS Preliminary Questions 593
PSC & Other Exams' Questions 593
Govt. & Private Bank Questions 599
University & Medical Questions 600

Chapter-35 : Proverbs 612
The Real Test-35 617 – 624
BCS Preliminary Questions 617
PSC & Other Exams' Questions 617
Govt. & Private Bank Questions 620
University & Medical Questions 621

Chapter-36 : Synonyms 625
The Real Test-36 634 – 680
BCS Preliminary Questions 634
PSC & Other Exams' Questions 640
Govt. & Private Bank Questions 652
University & Medical Questions 664

Chapter-37 : Antonyms 681
The Real Test-37 692 – 731
BCS Preliminary Questions 692
PSC & Other Exams' Questions 695
Govt. & Private Bank Questions 705
University & Medical Questions 718

Contents

Chapter-38 : Phrases & Idioms 732
The Real Test-38 744 – 784
BCS Preliminary Questions 744
PSC & Other Exams' Questions 750
Govt. & Private Bank Questions 764
University & Medical Questions 769

Chapter-39 : Group Verbs 785
The Real Test-39 792 – 805
BCS Preliminary Questions 792
PSC & Other Exams' Questions 794
Govt. & Private Bank Questions 797
University & Medical Questions 799

Chapter-40 : Prefix and Suffix 806
The Real Test-40 810 – 812
BCS Preliminary Questions 810
PSC & Other Exams' Questions 810
Govt. & Private Bank Questions 811
University & Medical Questions 811

Chapter-41 : Formation of Words 813
The Real Test-41 819 – 830
BCS Preliminary Questions 819
PSC & Other Exams' Questions 820
Govt. & Private Bank Questions 826
University & Medical Questions 826

Chapter-42 : Notorious Confusables (Pair of Words) 831
The Real Test-42 841 – 844
BCS Preliminary Questions 841
PSC & Other Exams' Questions 841
University & Medical Questions 842

Chapter-43 : Spelling Mistakes 845
The Real Test-43 850 – 874
BCS Preliminary Questions 850
PSC & Other Exams' Questions 851
Govt. & Private Bank Questions 859
University & Medical Questions 866

COMPETITIVE EXAMS

Contents

Chapter-44 : Analogy 875
The Real Test-44 884 – 902
BCS Preliminary Questions 884
PSC & Other Exams' Questions 887
Govt. & Private Bank Questions 889
University & Medical Questions 895

Chapter-45 : Substitutions, Expressions & Definitions 903
The Real Test-45 912 – 944
BCS Preliminary Questions 912
PSC & Other Exams' Questions 917
Govt. & Private Bank Questions 929
University & Medical Questions 935

Chapter-46 : English Literature 945
The Real Test-46 952 – 978
BCS Preliminary Questions 952
PSC & Other Exams' Questions 960
Govt. & Private Bank Questions 971
University & Medical Questions 972

Chapter-47 : Literary Terms and Figures 979
The Real Test-47 986 – 994
BCS Preliminary Questions 986
PSC & Other Exams' Questions 988
Govt. & Private Bank Questions 990
University & Medical Questions 990

Chapter-48 : Quotations 995
The Real Test-48 1006 – 1012
BCS Preliminary Questions 1006
PSC & Other Exams' Questions 1008
Govt. & Private Bank Questions 1010
University & Medical Questions 1010

Chapter-49 : Reading Comprehension 1013
The Real Test-49 1020– 1040

Chapter-50 : Miscellaneous 1041
The Real Test-50 1041– 1095
BCS Preliminary Questions 1041
PSC & Other Exams' Questions 1047
Govt. & Private Bank Questions 1061
University & Medical Questions 1070

www.boighar.com

Boighar.com

বইঘর.কম

CHAPTER

01 Identifying Parts of Speech

বাক্যে ব্যবহৃত প্রত্যেকটি শব্দকে Parts of Speech বলা হয়। সুতরাং, বাক্যে ব্যবহার করা ছাড়া একটি শব্দ কোন Parts of Speech তা বলা যাবে না। যেমন– আমরা জানি go একটি Verb। কিন্তু এই শব্দটি বাক্যে ব্যবহার না করা পর্যন্ত এটিকে Verb বলা যাবে না। কারণ go শব্দটি কখনো কখনো Noun হিসেবে ব্যবহৃত হয়। তেমনি save শব্দটি Verb হিসেবে বহুল প্রচলিত হলেও এটি Preposition হিসেবেও ব্যবহৃত হতে পারে। সুতরাং, একটি শব্দ বাক্যে ব্যবহার ভেদে দুই বা ততোধিক Parts of Speech-এর কাজ করতে পারে।

1.1 Noun : কোনো ব্যক্তি, বস্তু, স্থান, ধারণা, কাজ বা গুণের নামের মাধ্যমে Noun চেনা যায়।

A. অর্থের মাধ্যমে :

▶ **Which one is a noun?**
ক flute √ খ cute গ acute ঘ mute

জাবি ইউনিট C1 ২০১৭-১৮

B. Suffix-এর মাধ্যমে : শব্দের শেষে যুক্ত Suffix তথা বিভক্তি বা প্রত্যয়ের মাধ্যমে Noun চেনা যায়। বহুল ব্যবহৃত Noun Suffix গুলো হচ্ছে :

– tion : action	– age : marriage	– sion : confusion
– ance : attendance	– er : driver	– ence : innocence
– or : actor	– cy : accuracy	– dom : freedom
– mony : matrimony	– hood : childhood	– tude : magnitude
– ness : kindness	– ice : service	– th : growth
– ty : cruelty	– let : booklet	– ure : pleasure
– ock : bullock	– y : victory	– ment : management
– ry : dispensary		

▶ **Which one is the noun?**
ক Poverty √ খ Simple গ Important ঘ Rich

সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) ২০১৯

▶ **Patience is a virtue. Here the word 'patience'—**
ক adjective খ adverb খ noun √ ঘ pronoun

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের প্রত্নতত্ত্ব অধিদপ্তরের এস্টিমেটর ২০১৯

C. Function-এর মাধ্যমে : কিছু কিছু বিষয় আছে যারা Noun-এর কাজ করে থাকে।

i. Subject : **Reading** (Sub = Noun) makes a full man
ii. Object : We enjoy **watching** TV.
iii. Object of preposition : He goes to **school.**
iv. Subject complement : He is a **student.**
v. Object complement : We made him **captain.**
vi. Appositive : Mr. Rana, **the principal** of our college, is an honest man.
[বি: দ্র: The principal of our college বাক্যাংশটি মূলত একটি Noun Phrase]

www.boighar.com

বইঘর.কম

D. Gerund : Gerund যেহেতু একই সাথে Noun ও Verb এর কাজ করে তাই একে Noun হিসেবে গণ্য করা হয়। যেমন—
Please stop **writing.**

E. Adjective as Noun : Adjective-এর আগে যখন the বসে তখন তা দ্বারা ঐ জাতীয় সকলকে বুঝায় এবং তা Noun-এর স্থলে আসলে তাকে Noun হিসেবে গণ্য করা হয়। যেমন—
The rich are not always happy.

F. Determiners-এর পর সাধারণত Noun বসে। যেমন—
Some **boys** are coming here.

1.2 Pronoun : Noun-এর পরিবর্তে যে শব্দ ব্যবহৃত হয় তাকে Pronoun বলে। Pronoun গুলো হচ্ছে—

i. Personal Pronoun : I, we, he, she, they, you.
ii. Possessive Pronoun : Mine, yours, ours, his, hers, theirs.
iii. Reflexive Pronoun : Myself, ourselves, yourself, himself.
iv. Demonstrative Pronoun : This, that, these, those, it.
v. Indefinite Pronoun : Any, one, some, nobody, anybody, many, everyone, all.
vi. Relative Pronoun : Who, whom, whose, which, that.
vii. Interrogative Pronoun : Who, whose, whom, which, what.
viii. Distributive Pronoun : Each, either, neither.
ix. Reciprocal Pronoun : Each other, one another.

▶ **Identify the correct part of speech of the word underlined in the sentence : Whichever of the three sisters you choose to marry, you will have a good wife.** পিএসসি কর্তৃক নির্ধারিত ১২টি পদ ২০০১
ⓚ Adjective of number ⓚ Countable noun
ⓖ Pronoun √ ⓖ Adverb

[বি: দ্র : এসব Pronoun কিছু কিছু Noun-এর পূর্বে বসে Adjective-এর কাজ করে তাই এসব Pronoun Noun-এর পূর্বে ব্যবহৃত হলে Adjective ধরা হবে, Pronoun নয়। যেমন—
***Which** is your book?*
*বাক্যে which হচ্ছে Pronoun কিন্তু **which** book do you want? বাক্যে which হচ্ছে Adjective, কেননা which, Noun book-এর পূর্বে ব্যবহৃত হয়েছে।*

1.3 Adjective : যে শব্দ Noun বা Pronoun-এর দোষ, গুণ, অবস্থা, সংখ্যা, পরিমাণ ইত্যাদি প্রকাশ করে তাকে Adjective বলে। বিভিন্নভাবে Adjective চেনা যায়।

A. অর্থের মাধ্যমে :

▶ **In the sentence. "The man is afraid of the dog" the word 'afraid' belongs to which 'Parts of Speech'?** ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরে সহকারী ড্রিলিং প্রকৌশলী ১৯৮৮
ⓚ Noun ⓚ Verb
ⓖ Adjective √ ⓖ Adverb

B. Suffix- এর মাধ্যমে : নিম্নোক্ত suffix তথা বিভক্তি/প্রত্যয় দেখে বোঝা যাবে শব্দটি Adjective।

- al : national, legal
- ic, ical : historic, historical, economic
- ish : Turkish, childish
- istic : fantastic, optimistic
- ive : active, attentive
- ian, an : Indian, American
- ary : necessary, documentary
- ed : learned, talented
- ate : fortunate, temperate
- en : golden, wooden
- able : drinkable, movable
- ible : sensible, edible
- ful : beautiful, hopeful
- less : fearless, helpless
- ly : friendly, manly, heavenly
- y : healthy, wealthy

▶ **নিচের শব্দগুলোর কোনটি Adjective?** প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ১৯৯০
ⓚ crime ⓛ miser ⓜ special √ ⓝ laugh

▶ **নিচের শব্দগুলোর কোনটি Adjective?** সাব-রেজিস্ট্রার ১৯৯২
ⓚ beauty ⓛ beautiful √ ⓜ beautification ⓝ beautifying

C. **Modification-এর মাধ্যমে :** কোনো শব্দ যদি Noun-কে modify করে তাহলে তাকে Adjective বলা হয়।

▶ **A rolling stone gathers no moss. What 'rolling' is?** ১১তম বিসিএস
ⓚ Gerund ⓛ Varbal noun
ⓜ Participle √ ⓝ Adjective
[**Note :** *Verb + ing Adjective-এর কাজ করলে তাকে Participle বলে।*]

D. **Noun as Adjective :** কোনো Noun যদি আরেকটি Noun-এর পূর্বে বসে একে modify করে তাহলে তাকে Adjective হিসেবে গণ্য করা হয়।

▶ **This is a book of English language.**
What part of speech is the underlined word? তথ্য মন্ত্রণালয়ের অধীন টেলিভিশন প্রকৌশলী (গ্রেড-২) ২০০৪
ⓚ Adjective √ ⓛ Noun
ⓜ Verb ⓝ Adverb

E. **Pronoun as Adjective :** কোনো Pronoun যদি Noun-এর পূর্বে বসে Noun-কে modify করে তাহলে তাকে আর Pronoun বলা হয় না, বলা হয় Adjective। যেমন–

i. Possessive Adjective : This is **my** book.
ii. Demonstrative Adjective : **This** book is red.
iii. Indefinite Adjective : **Any** boy can do this.
iv. Interrogative/Relative Pronoun as Adjective : **Whose** book do you want?
This is the boy **whose** book was stolen.
v. Distributive Adjective : **Each** boy got a prize.

1.4 **Pronoun or Adjective : বাক্যে ব্যবহার ভেদে একই শব্দ কখনো Pronoun আবার কখনও Adjective হতে পারে। যেমন—**

This book is yours. (Adj.)	**This** is your book. (Pro)
This is my book (Adj.)	This book is **mine**. (Pro)
Which book do you want? (Adj.)	**Which** is your book? (Pro).

1.5 **Verb : যে শব্দ দ্বারা সাধারণত কোনো কাজ করা বুঝায় তাকে verb বলে। তবে কোনো কোনো Verb দ্বারা কাজ নাও বুঝাতে পারে। যেমন— Be verb, linking verb eg. seem, look, taste etc.**
– He goes to school.

▶ **কোন শব্দটি Verb?** প্রাথমিক সহকারী শিক্ষক (খুলনা বিভাগ) ২০০৩
ⓚ Cloth ⓛ Blood
ⓜ Food ⓝ Feed √

1.6 **Nouns as Verbs : অনেক বহুল প্রচলিত Noun আছে যেগুলো Verb হিসেবেও ব্যবহৃত হতে পারে। যেমন—**
Home, interest, water, master, pen etc.
– The missile homed in on its target.

বইঘর.কম

▶ **Which of the following words is a verb?** নির্বাচন কমিশন সচিবালয়ে থানা/উপজেলা নির্বাচন অফিসার ২০০৮
ⓚ intention ⓛ intellect
ⓜ interim ⓝ interest √

▶ **I water the plants. The word 'water' is used as —** খাদ্য অধিদপ্তরের অধীন 'খাদ্য পরিদর্শক' ২০০০
ⓚ Noun ⓛ Pronoun
ⓜ Verb √ ⓝ Adverb

1.7 Verbs as Nouns : কিছু কিছু বহুল প্রচলিত Verb আছে যেগুলো Noun হিসেবেও ব্যবহৃত হতে পারে অথচ আমরা তা জানি না। যেমন— go
- This is the go of the world. (এটাই জগতের রীতি)
- It is your go. (এবার তোমার পালা)

▶ **This is the go of life. Here 'go' is —** রাবি ডি ইউনিট বাণিজ্য ২০১৭-১৮
বইঘর.কম
ⓚ Noun√ ⓛ Adjective
ⓜ Adverb ⓝ Intransitive verb

1.8 Adverb : যেসব শব্দ Verb, Adjective বা অন্য কোনো Adverb-কে modify করে তাদেরকে Adverb বলা হয়।

▶ **Man cannot live alone. The word 'alone' used here as —** খাদ্য অধিদপ্তরের অধীন 'খাদ্য পরিদর্শক' ২০০০
ⓚ Adverb √ ⓛ Pronoun
ⓜ Adjective ⓝ Preposition

কিছু সাধারণ Adverb হলো :
Ago, again, almost, always, already, ever, here, there, now, then, once, soon, sometimes, yesterday, tomorrow, twice, thrice, never, only, quite, seldom, today, thus, etc.

▶ **He has already finished his homework. In this sentence 'already' is —** স্থানীয় সরকার মন্ত্রণালয়ের অধীন এলজিইডি সহকারী প্রকৌশলী ২০০৫
ⓚ Noun ⓛ Pronoun
ⓜ Adverb √ ⓝ Adjective

1.9 Adverb or Adjective : কিছু কিছু শব্দ আছে যেগুলোর রূপ একটিই কিন্তু কখনো Adj. আবার কখনো Adv. হিসেবে ব্যবহৃত হয়। যেমন : hard, late, etc.
A. The work is **hard**. (adj.) B. He works **hard**. (Adv.)
C. You are **late**. (Adj.) D. You came **late**. (Adv.)

1.10 – ly যুক্ত কিন্তু Adverb নয় : Friendly শব্দটির সাথে – ly থাকলেও এটি কিন্তু Adverb নয়, বরং Adjective। তাই— He behaves friendly বাক্যটি ভুল। সঠিক বাক্যটি হবে— He behaves in a friendly manner/way. তেমনিভাবে,

▶ **Homely শব্দটি কোন Parts of Speech?** প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক ১৯৯৯
ⓚ Noun ⓛ Adjective √ ⓜ Verb ⓝ Adverb

1.11 Preposition : যেসব শব্দ Noun বা Pronoun-এর পূর্বে বসে তার সাথে বাক্যের অন্যান্য শব্দের সম্পর্ক দেখিয়ে দেয় তাদেরকে Preposition বলে।
- He sat **on** the table.
- She looked **at** me.

সাধারণ Preposition গুলো হচ্ছে : at, above, across, against, among, after, before, beside, below, behind, beyond, between, by, down, for, from, in, into, like, near, of, on, over, outside, out of, since, to, towards, through, up, upon, with, within, without.

www.boighar.com

▶ The plane flew over our head. The word 'over' is used as —
ⓚ Pronoun ⓚ Preposition √
ⓖ Adverb ⓖ Verb
খাদ্য অধিদপ্তরের অধীন 'খাদ্য পরিদর্শক' ২০০০

1.12 **Preposition as Adverb : Preposition-এর পর কোনো Noun/Pronoun না বসে তা যদি Verb-কে modify করে এবং স্থান, সময় নির্দেশ করে, তবে তা Preposition নয়, বরং Adverb।**

▶ Identify the part of speech of the underlined word : The sun has gone down.
ⓚ adverb √ ⓚ adjective
ⓖ noun ⓖ preposition
সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা ২০১৩

1.13 **Conjunction : যেসব শব্দ একটি শব্দকে আরেকটি শব্দের সঙ্গে অথবা একটি বাক্য বা বাক্যাংশের সঙ্গে আরেকটি বাক্য বা বাক্যাংশকে যুক্ত করে তাদেরকে Conjunction বলে। যেমন— and, as, if, but, or, both, because, else, lest, before, after, however, still, till, until, so, either.....or, neither.....nor, then, than, though/although, unless etc.**

▶ Conjunction কোন্‌টি?
ⓚ the ⓚ up
ⓖ a ⓖ and √
প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক ১৯৯৩

1.14 **Conjunction or Preposition : কিছু কিছু শব্দ আছে যারা ব্যবহার ভেদে Preposition বা Conjunction উভয়ভাবে ব্যবহৃত হতে পারে। যেমন— before, after, since, for etc.**
– He stood **before** me. (Prepo)
– The patient had died **before** the doctor came. (Conj)
– It has been raining **since** morning. (Prepo)

▶ **What part of speech is the underlined word? Five years have passed since I met you last.**
ⓚ Pronoun ⓚ Preposition
ⓖ Conjunction √ ⓖ Adverb
সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ২০০০

1.15 **Interjection : যেসব শব্দ মনের আকস্মিক আবেগ, অনুভূতি প্রকাশ করে তাদেরকে interjection বলে। যেমন : Ah, Alas, Bravo, Eh, Fie (ছি ছি!), Hello, Hark (ঐ শোনো), Hush (চুপ!), Hurrah, Haha, Oh, Shame! (কি লজ্জা!)**

1.16 **Words used as different Parts of speech : কিছু কিছু শব্দ আছে যারা ব্যবহারভেদে বিভিন্ন Parts of speech হতে পারে। যেমন—**

A. But : Relative Pronoun : There was none but shed tears.
Adverb : You are but (=only) a child.
Preposition : None but (=except) him was present there.
Conjunction : He is poor but honest.
Verb : But me no buts.
Noun : But me no buts.

▶ **None but the brave deserve the fair. The underlined word is —**
ⓚ A preposition √ ⓚ A conjunction
ⓖ An adjective ⓖ Adverb
আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ ১৯৯৫

B. Before : Adverb : I saw him before.
Preposition : He stood before me.
Conjunction : Look before you leap.

বইঘর.কম

THE REAL TEST 01

BCS Preliminary Questions

01. **'Please write to me at the above address.'**
The word 'above' in this sentence is a/an—
ⓚ noun ⓛ adjective ⓜ pronoun ⓝ adverb
Hints : *প্রদত্ত বাক্যে above শব্দটি noun 'address'-কে qualify করায় শব্দটি adjective। Adjective সর্বদা noun বা pronoun-এর দোষ, গুণ, অবস্থা, সংখ্যা, পরিমাপ নির্দেশ করে।*

৪০তম বিসিএস
উত্তর খ

02. **'There was a small reception following the wedding'. The word 'following' in the sentence above is a/an—**
ⓚ preposition ⓛ adjective ⓜ adverb ⓝ noun
Hints : *Sentence টিতে small reception-এর সাথে the wedding (বিবাহ অনুষ্ঠানের) সম্পর্ক তৈরিতে/বোঝাতে মাঝখানে following শব্দটি ব্যবহৃত হয়েছে। তাই following এখানে preposition রূপে কাজ করেছে। Preposition সমূহ noun বা pronoun-এর পূর্বে বসে sentence- এর অন্যান্য পদের সাথে তাদের সম্পর্ক নির্দেশ করে।*

৩৯তম বিসিএস (বিশেষ)
উত্তর ক

03. **The sun went <u>down</u>. The underlined word is used here as a/an—**
ⓚ preposition ⓛ adverb ⓜ noun ⓝ conjunction
Hints : *Underlined word 'down' বাক্যে adverb হিসেবে ব্যবহৃত হয়েছে, কেননা down শব্দটি verb কে modify করছে।*

৩৮তম বিসিএস
উত্তর খ

04. **'Among' is a preposition that is used when — people are involved.**
ⓚ two ⓛ more than two ⓜ two or more than two ⓝ four only
Hints : *'Among' preposition টি ব্যবহৃত হয় যখন কোনো কিছুতে দু'য়ের অধিক ব্যক্তি, প্রাণী বা বস্তু জড়িত থাকে। সুতরাং শূন্যস্থানে more than two বসবে।*

৩৮তম বিসিএস
উত্তর খ

05. **Frailty thy name is woman. Here 'Frailty' is—**
ⓚ A noun ⓛ An adjective ⓜ An adverb ⓝ A verb
[Note : *Frailty বলে কোনো word পাওয়া যায় না। তবে শব্দটি Frailty না হয়ে Frailty (ভঙ্গুরতা, নশ্বরতা) হলে এটি হতো noun। 'Frailty, thy name is woman' বাক্যটি Shakespeare-এর বিখ্যাত Tragedy 'Hamlet'-এর নায়ক Hamlet-এর speech থেকে নেয়া।]*

৩৭তম বিসিএস
উত্তর Note

06. **Which of the following words can be used as a verb?**
ⓚ Mister ⓛ Master ⓜ Mistress ⓝ Mastery
Hints : *প্রদত্ত option-গুলোর মধ্যে শুধু 'master' শব্দটি verb হিসেবে ব্যবহার করা যায়, যার অর্থ— আয়ত্ত করা, কর্তৃত্ব করা, দক্ষতা অর্জন করা ইত্যাদি।*

৩৫তম বিসিএস
উত্তর খ

07. **The day of my sister's marriage is drawing <u>near</u>. The underlined word is a/an—**
ⓚ adjective ⓛ verb ⓜ preposition ⓝ adverb
Hints : *Near এখানে adverb। কারণ এটি drawing verb-কে modify করেছে।*

২৫তম বিসিএস
উত্তর ঘ

08. **A rolling stone gathers no moss. What 'rolling' is?**
ⓚ Gerund ⓛ Verbal noun ⓜ Participle ⓝ Adjective
Hints : *Verb + ing adjective-এর কাজ করলে তাকে participle বলে।*

১১তম বিসিএস
উত্তর গ

www.boighar.com

PSC & Other Exams' Questions

01. **What kind of noun is 'Knowledge'?**
ⓚ Proper ⓛ Material ⓜ Abstract ⓝ Common
Hints : *যাদের দেখা যায় না, গন্ধ নেয়া যায় না, স্পর্শ করা যায় না বা স্বাদ নেয়া যায় না কিন্তু শুধু কল্পনা বা অনুভব করা যায় তাকে abstract noun বলে। Knowledge (জ্ঞান) শব্দটি কল্পনা বা অনুভব করা যায় বলে শব্দটি abstract noun।*
দুর্নীতি দমন কমিশনের উপ-সহকারী পরিচালক/কোর্ট পরিদর্শক ২০২০
উত্তর গ

02. **Which one is common noun?**
ⓚ Infant ⓛ Salt ⓜ Studentship ⓝ Army
[**Hints :** *যেসব Noun নির্দিষ্ট কোনো ব্যক্তি, বস্তু, স্থানের নাম না বুঝিয়ে এক শ্রেণির ব্যক্তি বা বস্তুর প্রত্যেকের সাধারণ নাম বোঝায়, তাদেরকে Common Noun বলে। যেমন— Man, student, boy, girl, doctor, planet, fish, river, flower, actor ইত্যাদি। প্রদত্ত অপশনের মধ্যে (ক) Infant একটি Common Noun। সুতরাং সঠিক উত্তর ক। অন্যদিকে salt (লবণ) material noun; studentship (ছাত্রত্ব) abstract noun; army (সেনাবাহিনী) collective noun ।*]
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (BBS) পরিসংখ্যান সহকারী ২০২০
উত্তর ক

03. **Which one of the following is an example of proper noun?**
ⓚ The police ⓛ Car ⓜ Bangladesh ⓝ Family
Hints : *যেসব noun নির্দিষ্ট কোনো ব্যক্তি, বস্তু, স্থান বা অন্য কিছুর নামকে বোঝায়, তাদেরকে Proper noun বলে। যথা– Bangladesh, Karim, Titanic, Dhaka, The Padma, Rome, Moon ইত্যাদি।*
প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের PEDP-4 প্রকল্পের উপজেলা/আরবান প্রোগ্রাম কো-অর্ডিনেটর ২০২০
উত্তর গ

04. **He loves himself. The underlined word is :**
ⓚ Personal Pronoun ⓛ Relative pronoun
ⓜ Demonstrative pronoun ⓝ Reflexive pronoun
Hints : *প্রদত্ত বাক্যের himself হলো Reflexive pronoun। বাক্যটির Personal pronoun 'he'-এর object form 'him'-এর সঙ্গে self যুক্ত হয়ে subject এবং object একই ব্যক্তিকে নির্দেশ করায় 'himself' Reflexive pronoun।*
বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা)-এর সহকারী ব্যবস্থাপক ২০২০
উত্তর ঘ

05. **— eggs were served to the players.**
ⓚ Boil ⓛ Boiled ⓜ To boil ⓝ Boiling
Hints : *Noun-এর পূর্বে adjective প্রয়োজন। সুতরাং boil-এর Past participle form boiled শূন্যস্থানে বসবে। কেননা verb-এর past participle form একই সাথে verb এবং adjective-এর কাজ সম্পন্ন করে।*
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) ২০১৯; বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (BWDB)-এর ডাটা এন্ট্রি অপারেটর ২০১৯
উত্তর খ

06. **Which one is the verb?**
ⓚ Openly ⓛ Reopen ⓜ Openness ⓝ Closely
Hints : *Option গুলোর মধ্যে verb হলো Reopen (পুনরায় খোলা)। তাছাড়া Openly, Closely হলো Adverb এবং Openness হলো Noun।*
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) ২০১৯
উত্তর খ

07. **Which one is a an abstract noun?**
ⓚ Class ⓛ Rice ⓜ Intelligence ⓝ Team
Hints : *যে Noun দ্বারা কোনো ব্যক্তি বা বস্তুর গুণ অবস্থা বা কার্যের নামকে প্রকাশ করে তাকে Abstract Noun বলে। Option-এ এমন word টি হলো Intelligence (বুদ্ধিমত্তা)।*
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) ২০১৯
উত্তর গ

08. **Which one is the adverb?**
ⓚ Slow ⓛ Slowly ⓜ Weak ⓝ Weakness
Hints : *সাধারণত adjective-এর শেষে ly যুক্ত হয়ে adverb গঠিত হয়। সুতরাং adverb টি হলো slowly। Slow এবং weak হলো adjective আর weakness (দুর্বলতা) হলো noun।*
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) ২০১৯
উত্তর খ

বইঘর.কম

09. Which one is an adjective?
ⓚ Clever ⓛ Briefly ⓜ Simplicity ⓝ Importance
Hints : *Clever (চালাক) শব্দটি adjective। কারণ word টি দ্বারা ব্যক্তির গুণ নির্দেশ করে। অন্যদিকে adjective-এর শেষে ly যুক্ত থাকায় briefly শব্দটি adverb আর বাকি word দুটি noun।*

10. Which one is not an adjective?
ⓚ Intelligent ⓛ Poor ⓜ Brevity ⓝ Cunning
Hints : *Option গুলোর মধ্যে intelligent, poor এবং cunning হলো adjective আর adjective নয় word টি হলো brevity, কারণ ity হলো noun suffix.*

11. 'Water' is an example of —
ⓚ adverb ⓛ preposition ⓜ verb ⓝ conjunction
Hints : *Water শব্দটি noun এবং verb দুই অর্থে ব্যবহৃত হতে পারে। Verb হিসেবে water অর্থ পানি দেয়া আর noun হিসেবে water অর্থ পানি, জল।*

12. 'Quickly' is an example of —
ⓚ adverb ⓛ adjective ⓜ noun ⓝ verb
Hints : *Quick (adj) শব্দটির সাথে ly যুক্ত হয়ে adverb গঠিত হয়। সুতরাং quickly (দ্রুততার সহিত) শব্দ adverb-এর উদাহরণ।*

13. He has been ill — Friday last.
ⓚ in ⓛ since ⓜ from ⓝ on
Hints : *নির্দিষ্ট সময়ের পূর্বে since preposition টি ব্যবহৃত হয়। Friday last যেহেতু নির্দিষ্ট সময় সেহেতু শূন্যস্থানে since বসবে।*

14. What part of speech is the word 'befool'?
ⓚ verb ⓛ adverb ⓜ adjective ⓝ pronoun
Hints : *Befool শব্দটি verb, যার অর্থ বোকা বানানো।*

15. Which of the following words is a verb also?
ⓚ Mister ⓛ Master ⓜ Mistress ⓝ Mastery
Hints : *Option গুলোর মধ্যে যে শব্দটি verb হিসেবেও ব্যবহৃত হয় সেটি হলো master। Verb হিসেবে master অর্থ আয়ত্ত করা।*

16. Which of the following is a noun?
ⓚ widespread ⓛ disaster ⓜ deadliest ⓝ None of the above
Hints : *Option গুলোর মধ্যে noun টি হলো disaster যার অর্থ আকস্মিক দুর্ঘটনা।*

17. I have worked very hard lately. In this sentence 'lately' is—
ⓚ Noun ⓛ Adverb ⓜ Preposition ⓝ Adjective
Hints : *বাক্যে lately (সম্প্রতি) শব্দটি বাক্যটিকে modify করায় বাক্যটিতে lately শব্দটি adverb হিসেবে ব্যবহৃত হয়েছে।*

18. The ultimate test of a good education is supposed to be that it teaches to think.
ⓚ you ⓛ all ⓜ if ⓝ by
ⓞ No word is missing
Hints : *শিক্ষার আসল লক্ষ্য হলো সবাইকে ভাবতে বা চিন্তা করতে শেখানো তাই সঠিক বাক্য হবে : The ultimate test of a good education is supposed to be that it teaches all to think. (উত্তম শিক্ষার আসল অভীক্ষা হওয়া উচিত সবাইকে চিন্তা করতে শেখানো।)*

সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) ২০১৯
উত্তর ক

সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) ২০১৯
উত্তর গ

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) ২০১৯
উত্তর গ

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) ২০১৯; সিনিয়র স্টাফ নার্স ২০১৬
উত্তর ক

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (BWDB)-এর ডাটা এন্ট্রি অপারেটর ২০১৯
উত্তর খ

তথ্য মন্ত্রণালয়ের অধীন চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের ক্যামেরাম্যান ২০১৯
উত্তর ক

তথ্য মন্ত্রণালয়ের অধীন চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের ক্যামেরাম্যান ২০১৯
উত্তর খ

বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের বিভিন্ন পদ ২০১৯
উত্তর খ

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (WASA)-এর উপ-সহ. প্রকৌশলী (সিভিল) ২০১৯
উত্তর খ

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (BREB)-এর সহকারী সচিব/সহকারী পরিচালক (প্রশাসন) ২০১৯
উত্তর খ

www.boighar.com

19. Mr. Rohan is very friendly. Here 'friendly' is—
ⓚ adverb ⓛ noun ⓜ adjective ⓝ pronoun
Hints : *Noun-এর সাথে ly যুক্ত হয়ে adjective গঠিত হয় adverb নয়। প্রদত্ত বাক্যে friendly শব্দটি noun friend শব্দ থেকে এসেছে। সুতরাং friendly শব্দটি adjective.*
১৫তম শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (মূল পর্যায়-২) ২০১৯
উত্তর : গ

20. 'A rolling stone gathers no moss.' Here 'rolling' is—
ⓚ a verb ⓛ an adjective
ⓜ a participle ⓝ a gerund
Hints : *Verb-এর present form-এর সাথে ing যুক্ত হয়ে একই সাথে verb এবং adjective-এর কাজ করলে তাকে participle বলে। বাক্যের rolling শব্দটি একই সাথে verb এবং adjective উভয়ের কাজ সম্পাদন করায় word টি present participle।*
১৫তম প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (কলেজ/সমপর্যায়) ২০১৯
উত্তর : গ

21. He fathered the plan. Here the word 'father' is—
ⓚ a noun ⓛ an adjective ⓜ a verb ⓝ an adverb
Hints : *Father শব্দটি verb এবং noun উভয় অর্থেই ব্যবহৃত হতে পারে। প্রদত্ত বাক্যে father verb হিসেবে ব্যবহৃত হয়েছে। সুতরাং Verb হিসেবে father-এর অর্থ কোনো ধারণা বা পরিকল্পনার উদ্ভাবক হওয়া।*
পররাষ্ট্র মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা ২০১৯
উত্তর : ক

22. He runs fast. Here the underlined word is —
ⓚ an adverb ⓛ a noun ⓜ a pronoun ⓝ a verb
Hints : *Fast শব্দটি বাক্যে adverb হিসেবে ব্যবহৃত হয়েছে, কারণ fast শব্দটি verb' run' কে modify করছে।*
বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের প্রশাসনিক কর্মকর্তা ২০১৯
উত্তর : ঘ

23. She looks very beautiful. Here 'very' is—
ⓚ adjective ⓛ verb ⓜ pronoun ⓝ adverb
Hints : *প্রদত্ত বাক্যে very শব্দটি adverb, কারণ very শব্দটি adjective 'beautiful' কে modify করছে। বাক্যের অর্থ : তাকে খুব সুন্দর দেখায়।*
বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা ২০১৯
উত্তর : গ

24. Fill up the gap with suitable 'adverb' : He works — quickly.
ⓚ at ⓛ upon ⓜ very ⓝ out
Hints : *Adverb হলো এমন word যা adjective, verb এমনকি adverb-কে modify করে। 'Very' adverbটি quickly adverb-কে modify করতে পারে বিধায় very শূন্যস্থানে বসালে বাক্যটি সঠিক হবে।*
জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের নিরাপত্তা কর্মকর্তা ২০১৯
উত্তর : ঘ

25. I've done it — of times.
ⓚ hundred ⓛ a hundred ⓜ hundredth ⓝ hundreds
Hints : *Hundreds of times অর্থ শত শত বার। Hundreds যোগে বাক্যটির অর্থ আমি এটা শত শত বার করেছি।*
জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের নিরাপত্তা কর্মকর্তা ২০১৯
উত্তর : ঘ

26. 'The time for sleep is past.' The word 'past' in the above sentence is—
ⓚ a noun ⓛ an adverb ⓜ a preposition ⓝ an adjective
Hints : *'Be' verb-এর পরে past শব্দটি adjective হিসেবে ব্যবহৃত হয়েছে। কেননা 'be' verb-এর পর সরাসরি adjective আসে। বাক্যের বাংলা– ঘুমানোর সময় অতিবাহিত হয়েছে।*

বইঘর.কম

27 What part of speech is 'scarcity'?

ⓚ Verb ⓛ Adverb
ⓜ Noun ⓝ Adjective

Hints : *সাধারণত 'ity' suffix যোগে noun গঠিত হয়। সুতরাং scarcity (দুষ্প্রাপ্যতা, আকাল) শব্দটি noun।*

জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের নিরাপত্তা কর্মকর্তা ২০১৯
উত্তর গ

28. 'Swimming is a good exercise'. Here 'swimming' is a/an—.

ⓚ verb ⓛ noun ⓜ gerund ⓝ adverb

Hints : *Verb + ing যুক্ত হয়ে যখন noun এবং verb-এর কাজ করে তাকে gerund বলে। প্রদত্ত বাক্যে swimming শব্দটি sub হিসেবে কাজ করায় শব্দটিকে noun এবং gerund উভয় বলা যায়। তবে gerund বলাটাই অধিক যুক্তিযোগ্য।*

সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ২০১৯
উত্তর গ

29. 'Muslims fast during Ramadan.' Here the word 'fast' is —

ⓚ an adjective ⓛ an adverb ⓜ a verb ⓝ a noun

Hints : *প্রদত্ত বাক্যে fast শব্দটি verb হিসেবে ব্যবহৃত হয়েছে। Verb হিসেবে fast অর্থ রোজা রাখা। প্রদত্ত বাক্যের অর্থ : মুসলমানরা রমজান মাসে রোজা রাখে।*

পররাষ্ট্র মন্ত্রণালয়ের সুপারিনটেনডেন্ট ২০১৯
উত্তর : গ

30. The word 'obediently' is a/an :

ⓚ adverb ⓛ adjective ⓜ verb ⓝ noun

Hints : *Adjective-এর শেষে-ly যুক্ত হয়ে adverb গঠিত হয়। Obedient শব্দটি adjective আর শব্দটির অর্থ আজ্ঞানুবর্তী; বাধ্য। সুতরাং obediently শব্দটি adverb।*

ডাক অধিদপ্তরের এস্টিমেটর ২০১৮
উত্তর ক

31. The word 'impoverish' is a/an—

ⓚ noun ⓛ verb ⓜ adjective ⓝ adverb

Hints : *'Impoverish' শব্দটি হলো verb যার অর্থ দরিদ্র/নিঃস্ব করা; সদ্ গুণাবলি লুপ্ত করা। প্রদত্ত শব্দটির adjective এবং noun form হলো যথাক্রমে impoverished এবং impoverishment।*

বিভিন্ন মন্ত্রণা/বিভাগ/অধি. ব্যক্তিগত কর্মকর্তা (সাধারণ) ২০১৮
উত্তর খ

32. 'Please speak slowly'. Here the word 'slowly' is a/an—

ⓚ adjective ⓛ adverb ⓜ verb ⓝ conjunction

Hints : *সাধারণত adjective-এর শেষে ly যোগ করে adverb গঠন করা হয়। বাক্যের slowly adverbটি adjective slow সাথে ly যোগে গঠিত হয়েছে।*

বিভিন্ন মন্ত্রণা/বিভাগ/অধি. প্রশা. কর্মকর্তা (মুক্তিযোদ্ধা) ২০১৮
উত্তর খ

33. 'Walking is a good exercise'. The word 'walking' in the above sentence is a—

ⓚ participle ⓛ verb ⓜ gerund ⓝ phrase

Hints : *Verb-এর সাথে ing যুক্ত হয়ে যদি একই সাথে verb এবং noun-এর কাজ করে তখন তা gerund। Gerund verb এর sub রূপে কাজ করে আর প্রদত্ত বাক্যে walking ও তাই করছে। সুতরাং walking বাক্যে gerund।*

বিভিন্ন মন্ত্রণা/বিভাগ/অধি. প্রশা. কর্মকর্তা (মুক্তিযোদ্ধা) ২০১৮
উত্তর গ

34. Fill in the blank. We received— reply.

ⓚ no ⓛ none ⓜ not ⓝ nothing

Hints : *প্রদত্ত বাক্যে reply শব্দটি noun হিসেবে ব্যবহৃত হয়েছে। আর noun-এর ঠিক পূর্বে none, not কিংবা nothing বসে না কিন্তু no বসে। সুতরাং শূন্যস্থানে no বসবে।*

নার্সিং ও মিডওয়াইফারি অধি. সিনিয়র স্টাফ নার্স ২০১৮
উত্তর ক

www.boighar.com

35. **They organized a volunteer corps. Here 'corps' is a—**
ⓚ Noun ⓚ Adjective
ⓖ Adverb ⓖ Pronoun
Hints : *Corps (সৈন্যবাহিনীর ভাগবিশেষ) একটি noun ।*
বিভিন্ন মন্ত্রণা./বিভাগ/অধি. ব্যক্তিগত কর্মকর্তা ২০১৮
উত্তর ক

36. **She sings well enough. Here 'enough' is—**
ⓚ a verb ⓚ an adjective
ⓖ an adverb ⓖ noun
Hints : *যে word কোনো verb, adjective এবং অন্য কোনো adverb-এর গুণাগুণ বা ধরন নির্দিষ্ট করে তা adverb ।*
বিভিন্ন মন্ত্রণা./বিভাগ/অধি. ব্যক্তিগত কর্মকর্তা ২০১৮
উত্তর গ

বইঘর.কম

37. **The word 'popularize' is—**
ⓚ adjective ⓚ verb ⓖ noun ⓖ adverb
Hints : *Popular (জনপ্রিয়) হলো adjective এবং Popularize (জনপ্রিয় করা) একটি verb form ।*
গণপূর্ত অধি. উপ-সহ. প্রকৌ. ও ড্রাফটসম্যান/সিভিল ২০১৮
উত্তর খ

38. **They have— children.**
ⓚ not ⓚ nothing ⓖ no ⓖ none
Hints : *Affirmative বাক্যে have এর পর noun থাকলে negative করার ক্ষেত্রে have-এর পর no বসে।*
গণপূর্ত অধি. উপ-সহ. প্রকৌ. ও ড্রাফটসম্যান/সিভিল ২০১৮
উত্তর গ

39. **Which one is a noun?**
ⓚ acceptable ⓚ accepted
ⓖ acceptance ⓖ acception
Hints : *Acceptance (গ্রহণ; স্বীকার) একটি noun ।*
গণপূর্ত অধি. উপ-সহ. প্রকৌ. ও ড্রাফটসম্যান/সিভিল ২০১৮
উত্তর গ

40. **Alas! I am undone. Here 'alas' is —**
ⓚ noun ⓚ adverb ⓖ interjection ⓖ preposition
Hints : *Alas (দুঃখ বা অনুপাতসূচক চিৎকার; হায়) একটি interjection word ।*
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মস. মন্ত্রণা. জনশক্তি, কর্মস. ও প্রশি. ব্যুরোর ইন্সট্রাক্টর (টিটিসি) ২০১৮
উত্তর গ

41. **We want to take legal action against the hoodlum. Here in this sentence 'to' is a/an—**
ⓚ Adverb ⓚ Infinitive maker ⓖ Preposition ⓖ Conjunction
Hints : *To + verb-এর simple form যোগে infinitive গঠিত হয়। To-এর পর যেহেতু verb এর simple form রয়েছে। সুতরাং প্রদত্ত বাক্যে 'to' infinitive marker হিসেবে ব্যবহৃত হয়েছে।*
১২তম সহকারী জজ ২০১৮
উত্তর খ

42. **The word 'Gravity' is—**
ⓚ an adjective ⓚ a gerund ⓖ a noun ⓖ an adverb
Hints : *Gravity শব্দটি noun কারণ word টির সাথে noun suffix ity রয়েছে। তাছাড়া gravity শব্দটি অর্থের দিক দিয়েও noun কারণ শব্দটির অর্থ অভিকর্ষ; মাধ্যাকর্ষণ শক্তি; গুরুতর অবস্থা; গম্ভীর ভাব।*
প্রা. সহ. শিক্ষক ২০১৮ (স্থগিত ২০১৪) ১৫ জেলা
উত্তর গ

43. **Which one of the following is an adverb?**
ⓚ Someone ⓚ Somebody ⓖ Someday ⓖ Something
Hints : *Option-এর someone, somebody এবং something হলো pronoun যা অন্য কোনো noun-এর পরিবর্তে ব্যবহৃত হয় কিন্তু someday শব্দটি হলো adverb যার অর্থ ভবিষ্যতে কোনো এক সময়ে।*
প্রা. সহ. শিক্ষক ২০১৮ (স্থগিত ২০১৪) ২০ জেলা
উত্তর গ

44. **We could not buy anything because— of the shops was open.**
ⓚ nothing ⓚ all ⓖ no one ⓖ none
Hints : *শূন্যস্থানে none ব্যবহৃত হবে কেননা none of the shops অর্থ কোনো দোকানই না। None ব্যবহার করে বাক্যের অর্থ আমরা কিছুই কিনতে পারলাম না কারণ কোনো দোকানই খোলা ছিল না।*
প্রা. সহ. শিক্ষক ২০১৮ (স্থগিত ২০১৪) ২০ জেলা
উত্তর ঘ

বইঘর.কম

45. **The bird sings sweetly. Here the underlined word is—**
ক a verb খ an adverb গ an adjective ঘ a conjunction
[**Note :** *বাক্যে কোনো শব্দে underline করা নেই। তবে sweetly-এর নিচে দাগানো থাকলে sweetly হতো adverb আর sings-এর নিচে দাগানো থাকলে sings শব্দটি হতো verb।*]
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের মিডওয়াইফ ২০১৬
উত্তর : Note

46. **He was wise enough to accept the office. Here 'enough' is—**
ক adjective খ verb গ adverb ঘ conjunction
Hints : *বাক্যে enough শব্দটি adjective wise কে modify করছে সুতরাং enough শব্দটি বাক্যে adverb।*
ⓚ Never I have understands less than men.
ⓛ Never have I understood less than men.
ⓜ Never having I understood less than men.
ⓝ I have never understanding less than men.

বশেমুরবিপ্রবি ইউনিট D ২০১৯-২০ উত্তর খ

06. Only then — what she meant

ⓚ I understand ⓛ did I understand
ⓜ I was understood ⓝ I had understood

কুবি ইউনিট সি ২০১৮-১৯ উত্তর খ

Hints : *Only then, hardly, scarcely, seldom ইত্যাদি adverbial phrase বা word বাক্যের শুরুতে বসলে auxiliary verb sub-এর পূর্বে বসে। সুতরাং শূন্যস্থানের সঠিক expression হলো did I understand ।*

07. Seldom — understand her fault while talking to others.

ⓚ she could ⓛ could she
ⓜ had she ⓝ she had

বশেমুরবিপ্রবি ইউনিট F ২০১৮-১৯ উত্তর খ

08. They are engrossed in studies and —— .

ⓚ so do I ⓛ so I am ⓜ so am I ⓝ so did I

চবি ইউনিট A (বিকাল) ২০১৮-১৯ উত্তর গ

Hints : *Affirmative agreement-এর ক্ষেত্রে so + auxiliary verb হলো সঠিক sequence । সুতরাং শূন্যস্থানে so am I বসবে ।*

www.boighar.com

09. **Rajshahi relies heavily on income from fruit crops, —.**
ⓚ and so is Dinajpur ⓛ and so are other districts
ⓜ and so is Chittagong ⓝ and so does Dinajpur
Hints : *Agreement-এর ক্ষেত্রে প্রথম clause টি যে tense-এ আছে পরবর্তী clause টিও সেই tense এ হবে। আর and so-এর পরে ঐ tense-এর auxiliary verb এবং ঠিক তারপরই sub বসবে। সুতরাং শূন্যস্থানের জন্য সঠিক expression হলো and so does Dinajpur।*

চবি
ইউনিট D (সকাল) ২০১৮-১৯
উত্তর ঘ

10. **In no way —.**
ⓚ we can justify militancy
ⓛ we cannot justify militancy
ⓜ can we justified militancy
ⓝ can we justify militancy
Hints : *'In no way' adverbial phrase বাক্যের পূর্বে বসলে model auxilary verb টি subject-এর পূর্বে চলে আসে। সুতরাং প্রদত্ত বাক্যটির শূন্যস্থানের জন্য যথাযথ expression হলো can we justify militancy। অন্যদিকে (গ) ভুল কারণ can এরপর verb-এর base form হয়।*

চবি
ইউনিট D (বিকাল) ২০১৮-১৯
উত্তর ঘ

11. **You like chocolate—**
ⓚ and me too. ⓛ and too.
ⓜ and so do I. ⓝ and I do.
Hints : *Affirmative agreement-এর ক্ষেত্রে structure হলো : And + so + পূর্বের tense অনুযায়ী auxiliary verb + sub। সুতরাং সঠিক উত্তর and so do I।*

আককানইবি
ইউনিট ডি ২০১৮-১৯
উত্তর গ

12. **No sooner — I shut the door, when the telephone rang.**
ⓚ had ⓛ did ⓜ will ⓝ would
Hints : *No sooner একটি negative adverb যা কোনো বাক্যে ব্যবহৃত হলে ঐ বাক্যের subject (I) এর পূর্বে auxiliary verb বসে। যেহেতু দ্বিতীয় clause টি past indefinite tense-এ সেহেতু প্রথম clause টি past perfect tense-এ হবে। তাই শূন্যস্থানে had বসবে।*

চবি
ইউনিট D ২০১৭-১৮
উত্তর ক

13. **A good number of adolescents do not socialize, —.**
ⓚ they neither build up their career
ⓛ nor they build up their career
ⓜ nor do they build up their career
ⓝ hardly they build up their career
Hints : *বাক্যে অতিরিক্ত জোর প্রদান করতে মাঝে মাঝে কিছু negative adverb বাক্যের শুরুতে বসে। সেক্ষেত্রে বাক্যের গঠন ভিন্ন হয়। Negative adverb + auxiliary verb + subject + verb + obj হয়। Negative adverb এর ব্যবহার অনুযায়ী (গ) অপশনের বাক্য ব্যতীত বাকি তিনটি অপশনের বাক্যই ভুল।*

চবি
ইউনিট D ২০১৭-১৮
উত্তর গ

14. **Most students don't like homework and —.**
ⓚ neither do I ⓛ I do not too
ⓜ neither don't I ⓝ eighter I don't
ⓞ I either don't
Hints : *'Verb' এর inversion এর ক্ষেত্রে neither + positive auxiliary verb + subject– structure- টি অনুসৃত হবে।*

চবি
ইউনিট সি, ২০১৬-১৭
উত্তর ক

বইঘর.কম

বইঘর.কম

CHAPTER

13 Appropriate Prepositions

বিভিন্ন শব্দের সাথে ভিন্ন ভিন্ন Preposition ব্যবহৃত হয়। এর ফলে ব্যবহারগত বা অর্থগত পরিবর্তন সাধিত হয়। তাই Preposition ইংরেজিতে খুবই গুরুত্বপূর্ণ। Appropriate Preposition দুভাবে আয়ত্ত করা যায়। এক. মুখস্থ করার মাধ্যমে, দুই. অভিজ্ঞতা লাভের মাধ্যমে। Preposition-এর ব্যবহার বিশেষভাবে খেয়াল করলে যে অভিজ্ঞতা অর্জিত হয় তাতে Preposition মুখস্থ করার প্রয়োজন হয় না। এখানে বিগত পরীক্ষাসমূহে আসা Prepositions-এর একটি Index দেয়া হয়েছে যাতে এক নজরে সেগুলো আয়ত্ত করা যায়। অতঃপর Example সহ তাদের বিশদ বিবরণ দেয়া হয়েছে।

13.1 Preposition

যেসব শব্দ Noun বা Pronoun-এর পূর্বে বসে তার সাথে বাক্যের অন্যান্য শব্দের সম্পর্ক দেখিয়ে দেয় তাদেরকে Preposition বলে।

– He sat **on** the table.

– She looked **at** me.


সাধারণ Preposition গুলো হচ্ছে : at, above, across, against, among, after, before, beside, below, behind, beyond, between, by, down, for, from, in, into, like, near, of, on, over, outside, out, since, to, towards, through, up, upon, with, within, without.

(A) Adverb or Preposition : Verb-এর পর শুধু Preposition আসলে Preposition টি Adverb হিসেবে কাজ করে। কিন্তু Preposition-এর পর Noun আসলে তা Preposition হিসেবেই কাজ করে।

– The sun has gone **down** (Adv) *[সহ: পল্লী উন্নয়ন কর্মকর্তা ২০১৩]*

– He went **down** the road. (Pre) *[শ্রম অধি: রেজি: ২০০০]*

আমরা একটি Diagram-এর সাহায্যে কিছু Preposition-এর মৌলিক অর্থ জেনে নেই।



Preposition-এর প্রকারভেদ :

গঠন, কার্য এবং ব্যবহারের ভিত্তিতে Preposition-কে ছয় ভাগে ভাগ করা হয়। যথা :

i. Simple Preposition
ii. Double Preposition
iii. Compound Preposition
iv. Phrase Preposition
v. Participle Preposition and
vi. Disguised Preposition.

i. **Simple Preposition :** Simple Preposition মূলত একটি word দ্বারা গঠিত হয়। যেমন : at, on, off, of প্রভৃতি।

www.boighar.com

ii. **Double Preposition** দুটি Simple Preposition একত্রে যুক্ত হয়ে একটি Preposition-এর মতো কাজ করলে তাকে Double Preposition বলে। যেমন Upon (up + on), within (with + in) প্রভৃতি।

iii. **Compound Preposition :** Noun, Adjective বা Adverb-এর পূর্বে simple Preposition যুক্ত হয়ে যে Preposition গঠিত হয়, তাকে Compound Preposition বলে। যেমন—about (on + by + out), behind (by + hind) প্রভৃতি।

iv. **Phrase Preposition** দুই বা ততোধিক Preposition এবং অন্য word মিলে যদি একক Preposition রূপে ব্যবহৃত হয়, তাকে Phrase Preposition বলে। যেমন : by means of, in front of প্রভৃতি।

v. **Participle Preposition :** Present Participle অথবা Past Participle, Preposition-এর মতো ব্যবহৃত হলে, তাকে Participle Preposition বলে। যেমন–

Past — The man went past me.

Regarding — I know nothing regarding this matter.

vi. **Disguised preposition :** কখনো কখনো on, at, of, per prepositions-গুলোর পরিবর্তে a বা o ব্যবহৃত হয়। এ রকম a এবং o-কে Disguised Preposition বলে। যেমন—

He gets up at 8 o'clock (o = of)

They went a hunting (a = on)

13.2 Preposition ব্যবহারের মৌলিক কিছু নিয়ম :

To

1. কোনো স্থানে বা দিকে অর্থে—
   Go to the south. He has gone to school.
2. পর্যন্ত অর্থে—
   Suvo folded the pant to the knee.
   Wash yourself from head to feet.
   Life means waiting from birth to death.
3. উপনীত হওয়া বা পরিণতি অর্থে—
   The leader was shot to death.
   Burn the paper to ashes.
4. উদ্দেশ্য বা অনুসারে অর্থে—
   Send the book to him.
   He buys everything to my choice.
5. তুলনা বা অনুপাত বুঝাতে—
   We won the game by four goals to zero.
   As the cat is to the tiger, so is crocodile to the dynosaur.

At

1. তুলনামূলকভাবে ছোট স্থান ও নির্দিষ্ট কোনো স্থিরবিন্দু বোঝাতে–
   He lives at Luxmibazar in Dhaka.
   Open at page 30.
   Meet me at the railway station.
2. সময় নির্দিষ্ট করে বোঝাতে—
   Come to the office at 7 P.M.
   Nazrul became famous at the age of 21.
   এভাবে, at dawn, at first, at noon, at night কিন্তু at day নয়।
3. মাত্রা বোঝাতে—
   I drive at 70 km per hour.
   I run at the speed of a lion.
4. মূল্য বোঝাতে—
   Mango sells at 50 taka per kg.
   I bought the shirt at Tk. 200.
5. ঝুঁকি নেয়ায় বা ভয়াবহ পরিণতিতে—
   He went there at the risk of his own life.
   Agamemnon saved the nation at the cost of his daughter.
6. চরম অবস্থা বা সীমা প্রকাশের ক্ষেত্রে—
   At first
   At last
   At best
   At worst

Of

বাংলায় of-এর অর্থ মূলত 'র' বা 'এর'। of ব্যবহৃত হয় এরকম প্রায় সবক্ষেত্রেই এ অর্থ প্রকাশ করে।

1. কোনো কিছু দিয়ে তৈরি অথবা কারো দ্বারা নির্মিত, সৃষ্ট বা রচিত কোনো কিছু বোঝাতে—
   Give me a ring of gold.
   Recite from a poem of Nazrul.
2. কোনো সম্পর্ক ও গভীর সম্বন্ধ বা উৎস বোঝাতে—
   Ranbindranath was a man of West Bengal.
   Rabindranath comes of a noble family.
   Everybody likes the sweetmeats of Natore.

বইঘর.কম

3. মালিকানা বা অধিকার বোঝাতে—
He lives in the house of his uncle.
This is a book of my brother.
4. কারণ বোঝাতে—
He died of cholera.

After

1. পরে ঘটে এরকম অর্থে—
Where will you go after dinner?
He will meet us after the meeting.
I attended the meeting after my friends.
2. পিছু নেয়া বা ধাওয়া করা অর্থে–
We ran after the snatcher.
Do not hanker after money.
3. পরিকল্পনা, style বা অন্য কিছু অনুসরণ বা অনুকরণ করা অর্থে–
The museum is built after my design.
This pen was bought after my choice.
He is named after his father.
4. ধারাবাহিকতা বোঝাতে—
We entered one after another.
5. সত্ত্বেও অর্থে—
After all his efforts, he failed to convince me.

About

1. কোনো বিষয়ে বা কোনো কিছু সম্বন্ধে কিছু বলা বা করা অর্থে—
I am telling you about my career.
Let us talk about our business.
2. প্রায় অর্থে—
He is about six feet.
I need about six thousand taka.
3. চারিদিকে অর্থে—
There is a lake about the locality.
Wrap the piece of cloth about my finger.

In

1. সময় বোঝাতে বা কোনো সময়ের মধ্যে বোঝাতে—
I will come in an hour.
I will do it in a week.
2. স্থান বোঝাতে—
I live in Dhaka.
He lives in Canada.
3. অবস্থা বোঝাতে—
His health is in bad condition.
He fainted in fear.
Don't talk in anger.
4. কোনো কিছুতে অবস্থান বা অন্তর্ভুক্তি বোঝাতে—
There is important information in the article.
I have found many potentialities in him.

On

1. উপরে বোঝাতে—
Keep the box on the shelf.
2. তারিখ/ সময় বোঝাতে—
Meet me on Monday.
She will come to me on 10 July.
3. কোন কিছু সম্বন্ধে—
Ruhi delivered a speech on Marxism.
Write an essay on Agriculture.
4. নির্ভরশীলতা বোঝাতে—
We live on rice.
5. অনুসারে অর্থে—
He acted on my advice.
6. অব্যবহিত পরেই—
On hearing this, she swooned.
7. কোনো কিছুর জোরে—
He was released on the ground of his ill health.
8. পক্ষে কাজ করা অর্থে—
He is on the committee.

For

1. 'জন্যে' অর্থে—
It is a gift for Ruhi.
What can I do for you?
2. কারণে অর্থে—
We could not go out for rain.
He was disqualified for mental disorder.
3. সময়ের ব্যাপ্তি বোঝাতে—
He has been reading for an hour.
He has been absent for three days.
4. কারো পক্ষ বোঝাতে—
I will fight for him.
I am speaking for him.
5. সত্ত্বেও অর্থে—
For all his riches, he is unhappy.

By

1. কোনো পথে যাতায়াত বা গমনার্থে—
I shall go there by land/ air/ water/ boat/ launch/ bus/ train.
[Exceptions : on foot, on horseback]

www.boighar.com

2. পাশে বোঝাতে—
The building is just by the bazar.
He sat by me yesterday.
3. পরিমাপের ক্ষেত্রে—
The house is 10 feet by 15 feet.
4. কাছাকাছি সময় বোঝাতে—
He will get back by Monday.
He will come by 4 p. m.
5. কোনো ব্যক্তি কর্তৃক সম্পাদিত বা লিখিত বা রচিত অর্থে—
The letter was written by me.
This is a poem by Rabindranath Tagore.
6. অনুযায়ী বা অনুসারে—
You are guilty by our law.
What is the time by your watch now?
7. শপথ বোঝাতে—
He swore by Allah.

But

ব্যতীত বা ছাড়া অর্থে—
Give me all but this pen.
He attends office everyday but Friday.

Before

1. কোনো সময় বা ধারার আগে ঘটে এরকম অর্থে—
He passed SSC examination before 1992.
Your turn will come before me.
2. সম্মুখে বোঝাতে—
He stood before me.
He fainted before me.
3. অধিকতর গুরুত্ব প্রদানের ক্ষেত্রে—
He always emphasizes hard work before brain.
We want prevention before cure.
4. বিবেচনার জন্য—
He put proposal before the Chairman.

Behind

1. পিছনে অর্থে—
He came behind you.
He shouted from behind the wall.
2. অসাক্ষাতে—
You curse him behind his back.
3. বিলম্বে অর্থে—
You are behind time.
4. সমর্থন বা সাহস যোগানো—
Don't get frightened. We are behind you.

Under

1. নিচু স্থানে বা কোনো কিছুর নিচে বোঝাতে—
We took rest under a banyan tree.
Keep the bag under the table.
2. কারো অধীন কাজ করা বা কোনো অবস্থায় থাকা অর্থে ;
I am doing M. Phil under Mr. Rumi.
Try to keep the naughty boys under control.
3. প্রক্রিয়াধীন অবস্থা বোঝাতে—
He can work hard under pressure.
Your proposal is under consideration.
4. শাসনামল বোঝাতে—
Were we in peace under Ershad?
5. অনুযায়ী বা অনুসারে অর্থে—
Under the term, he would be punished if he fails to repay.

Off

Off মূলত adverb হিসেবে ব্যবহৃত হয়। তবে adjective ও preposition হিসেবে এর ব্যাপক ব্যবহার আছে। এখানে preposition হিসেবে off-এর ব্যবহার দেখানো হয়েছে।

1. ঘেঁষে নয় দূরে এ রকম বোঝাতে—
Be off my sight.
Take the chair off the room.
2. বিচ্ছিন্নতা, বিচ্যুত অর্থে—
Take the shoes off your feet.
Get the spot off your clothes.
3. অভ্যস্ততা থেকে দূরে বোঝাতে—
The patient is off his meal.
For some reasons, he is off his jovial mood.

With

1. কোনো ব্যক্তির সাথে বোঝাতে—
She lives with her parents.
I spent the vacation with my friends.
2. কাজের কোনো উপকরণ বোঝাতে—
Do not play with safety match.
I do everything with my own hands.
3. সত্ত্বেও অর্থে—
With all his learning, he is dishonest.
4. বস্তুবাচক বা গুণবাচক অবস্থা প্রকাশ করতে—
He looked at her with fixed eyes.
He works with confidence.

বইঘর.কম

13.3 Some Prepositions : Diffrence and Usage

- **In/At :** বড় স্থান বা সময়ের পূর্বে in এবং অপেক্ষাকৃত ছোট স্থান বা সময়ের পূর্বে at বসে। তবে সময়ের পূর্বে in বসলে তারপর noun-এর পূর্বে the বসে। কিন্তু সময়ের পূর্বে at বসলে তারপর the বসে না।
  উল্লেখ্য, morning, evening, afternoon-এর পূর্বে in এবং night, noon, dusk, dawn-এর পূর্বে at বসে।
  He lives at Moghbazar in Dhaka.
  He came to me at 7 pm in 2002.
- **In/Into :** কোনো কিছুর ভেতরে কারো বা কোনো কিছুর অবস্থানের স্থিতিশীলতা বুঝাতে in এবং অবস্থানের গতিশীলতা বা রূপান্তর বোঝাতে into বসে।
  The students are in the classroom.
  The teacher walks into the classroom.
- **On/In/At :** দিন বা তারিখের আগে on, মাস বা বছরের আগে in এবং নির্দিষ্ট সময়ের পূর্বে at বসে।
  I joined the job at 8 am on Saturday in 2002.
- **In/Within :** সাধারণত ভবিষ্যৎকালে নির্দিষ্ট ব্যাপক সময়ের শেষমুহূর্ত বোঝাতে in এবং ঐ সময়ের মধ্যে বোঝাতে within বসে।
  I will be back in a week. (সপ্তাহের শেষ দিকে)
  I will be back within a week. (সপ্তাহের মধ্যে)
- **In/By/Before/After :** ভবিষ্যৎকালে ব্যাপক সময়ের মধ্যে বোঝাতে in এবং নির্দিষ্ট সময়ের পূর্বে by/before ব্যবহৃত হয় এবং অতীতকালে ব্যাপক সময়ের পরে after ব্যবহৃত হয়।
  She will come back in a week.
  She will come back by 3 pm.
  She came back home after one month.
- **In/On/To :** সীমার মধ্যে অবস্থান বোঝাতে in, সীমার বাইরে অবস্থান বোঝাতে to এবং সীমার মধ্যে উপরিভাগে অবস্থান বোঝাতে on ব্যবহৃত হয়।
  Rangpur is in the north of Bangladesh.
  The Bay of Bengal is to the south of Bangladesh.
  Tajindong is on the south of Bangladesh.
- **Since/From/For :** নির্দিষ্ট সময়ের পূর্বে Since বসে এবং তা সব সময় Perfect বা Perfect Continuous Tense এ ব্যবহৃত হয়। From সব tense-এ-ই নির্দিষ্ট সময়ের পূর্বে ব্যবহৃত হয় এবং For ব্যাপক সময়ের পূর্বে ব্যবহৃত হয়।
  It has been raining since Monday.
  It has been raining for a week.
  It did not rain from January.
- **By/ With :** যে করে তার পূর্বে by বসে এবং যে যন্ত্র বা হাতিয়ার ব্যবহার করে করা হয় তার পূর্বে with বসে।
  The snake was killed by the boy with a stick.
- **Between/Among :** দুয়ের মধ্যে between এবং দুইয়ের অধিক হলে among ব্যবহৃত হয়।
  Divide the fruits between Rasel and Rubel/among Juhi, Jasmine and Yesmin.
- **Beside/Besides :** পাশে অর্থে beside এবং অধিকন্তু অর্থে besides ব্যবহৃত হয়।
  He sits beside me.
  Besides the pond I like the house.
- **Above/On/Over :** তল স্পর্শ করে থাকলে on এবং তলের ওপরে থাকলে over বসে। স্পর্শহীন অবস্থায় above বসে।
  The ball is on my head.
  The shade is over my head.
  The sky is above us.
- **Under/Below :** কোনো তলের নিচে থাকলে Under এবং তল স্পর্শ করে থাকলে below ব্যবহৃত হয়।
  Keep the basket under the table.
  There is a bag below the box.
- **Except/Without :** বাদ দিয়ে বা ব্যতিরেকে অর্থে except এবং ছাড়া বা নেই অর্থে without ব্যবহৃত হয়।
  I like him except his hair style.
  I can not do without him.

13.4 In, on, at সহযোগে গঠিত কিছু বহুল ব্যবহৃত phrase :

1.	IN	ON	AT
	in prison/hospital	on the platform	at the station/ airport
	in the lesson	on the pharm	at home/ work/ school
	in a book/ newspaper	on the page/ map	
	in the photo/ picture	on the screen	at the seaside
	in the country	on the island/ beach/ coast	at the top/bottom of a hill
	in the middle	drive on the left/ right	at the back of the room
	in the back/ front of a car	on the back of an envelope	at the end of a corridor
	in a queue/ line/ row		
2.	IN	ON	AT
	in the phone box	sit on the floor	sit at my desk
	in the kitchen	walk on the pavement	wait at the bus stop
	work in the garden	a number on the door	at the cross roads
	swim in the pool	egg on your shirt	wait at the traffic lights
	শহর/ দেশের পূর্বে	**ফ্লোর/ তলা বোঝাতে**	**ভ্রমণের জায়গার পূর্বে**
	Kate lives in York.	on the first floor	Does this train stop at York
	Atlanta is in Georgia	**নদী/রাস্তার পূর্বে**	**অনুষ্ঠানের পূর্বে**
		a village on this road	at the party
		Paris is on the Seine	at the roundabout
	বইঘর.কম	on a menu/ list, on a farm	at reception
	রাস্তার নামের পূর্বে	**রাস্তার নামের পূর্বে**	**বাসার নাম/ঠিকানার পূর্বে**
	in Shirley Road (British English)	on Fifth Avenue (American English)	at Mike's (house)
			at 65 Shirley Road
	There are 400 seats in the cinema. (বিল্ডিং-এর ভিতরে বোঝাচ্ছে)		I was at the cinema. (কোনো কাজ চলছে অর্থাৎ সিনেমা দেখা বোঝাচ্ছে)
	এরূপ, in the pub (পানশালায় অবস্থান করা বোঝাচ্ছে)		এরূপ, at the pub (মদ খাওয়া বোঝাচ্ছে)
3.	IN	ON	AT
	বছর/ মাস/ ঋতুর পূর্বে	**দিন/ তারিখের পূর্বে**	**ঘড়ির সময়/ খাবারের সময়ের পূর্বে**
	in 1988	on Wednesday	at three O'clock
	in September	on 15 April	at lunch (– time)
	in Winter	on that day	at that time
	in 21st Century		at the moment
	এক সপ্তাহ বা বেশি বোঝাতে	**একদিন বোঝাতে**	**দুই বা তিনদিন বোঝাতে**
	in the Easter holiday	on Easter Monday	at Easter/ Christmas
	in the summer term	on Christmas Day	at the weekend
			(US : on the weekend)
	দিবসের ভাগের পূর্বে	**দিবসের ভাগের পূর্বে দিবসের নাম আসলে তার পূর্বে**	
	in the morning	on Friday morning	
	in the evening	on Tuesday evening	
	in the night (মাঝ রাত)	It happened on Monday night. (night এর পূর্বে দিবসের নাম আছে)	I can't sleep at night. (আমি রাতে ঘুমাতে পারি না)

বইঘর.কম

13.5 Appropriate Prepositions (Based on Previous Exams)

A

Abhorrent to (ঘৃণ্য) — Corruption is abhorrent to the honest.

Abide by (মেনে চলা)—Competitors must abide by judge's decision.

Abound in (a source) (প্রচুর পরিমাণে বিদ্যমান থাকা) — Hilsha fish abounds in the Padma.

Abound with (A source with sth) (প্রচুর পরিমাণে বিদ্যমান থাকা) — The Padma abounds with hilsha fish.

Absent from (অনুপস্থিত)— He was absent from the meeting.

Absorbed in (নিমগ্ন)— He was absorbed in deep thought.

Abstain from (sth) (বিরত থাকা)— Always try to abstain from evil company.

Accede to (সম্মত হওয়া)— I acceded to his request.

Acceptable to (sb) (গ্রহণযোগ্য)— His offer is acceptable to us.

Access to (প্রবেশাধিকার)— There is no free access to the chairman's room.

Accommodate with/to (সাহায্য করা/খাপ খাওয়ানো)— We always try to accommodate our clients with financial assistance./Her eyes took a while to accommodate to the darkness.

Accompanied by (সঙ্গী হওয়া)—Depression is almost always accompanied by insomnia.

Accomplished in (পারদর্শী)—He was accomplished in all the arts.

Accord to, with (দেয়া, সামঞ্জস্যপূর্ণ হওয়া)— Every school accords high priority to the quality of teaching./The punishment accords with the current code of discipline.

Accordance with (অনুসারে)—In accordance with her wishes she was burried in France.

According to (অনুসারে)— According to our records you owe us $ 130.

Account for (sth) (জবাবদিহি করা)— He was unable to account for the error.

Account with (হিসাব)— I have a savings account with Standard Chartered Bank.

Accused of (অভিযুক্ত)— The man was accused of murder.

Accustomed to (অভ্যস্ত)—She quickly became accustomed to his messy ways.

Acquainted with (পরিচিত)—I am not personally acquainted with the gentleman in question.

Adapt to (sth) (খাপ খাওয়ানো)— He cannot adapt to new situations.

Add to (যোগ করা)— She's added a picasso to her collection.

Addicted to (আসক্ত)— Fifty million Americans are addicted to nicotine.

Addition to (সংযোজন)— The clerk was a recent addition to the staff.

Adept in (দক্ষ)—Silas proved adept in the art of avoiding potholes in the road.

Adequate to (পর্যাপ্ত)—I didn't have adequate time to prepare.

Adhere to (লেগে থাকা)— One should adhere to one's principles.

Adjacent to (সন্নিহিত)— Our house was adjacent to the river.

Admit of (অবকাশ থাকা)— Your conduct admits of no excuse.

Admit to/into (স্বীকার করা/যোগ দেয়া)— The new law was generally admitted to be difficult to enforce./Spain was admitted to the European community in 1986.

Advantage of/over (সুযোগ লওয়া)—The advantage of booking tickets is that you get better seats.

Advantageous to (সুবিধাজনক)—The lower tax rate is particularly advantageous to poorer families.

www.boighar.com

Adverse to (প্রতিকূল)— Your plan is adverse to our interest.

Affection for (স্নেহ)— I felt deep affection fo the child.

Affectionate to/towards (স্নেহপূর্ণ)—Jo is very affectionate to/towards her.

Affinity for/with/between (তীব্র অনুরাগ, সাদৃশ্য)—She seems to have a natural affinity for/with water.

Affix to (সংযুক্ত করা)— She affixed a stamp to the envelope.

Afflicted with/by (কষ্ট দেয়া)— The country was afflicted by/with famine.

Afraid of (ভীত)— My daughter gets afraid of the cockroach.

Agree to (proposal) (প্রস্তাবে রাজি হওয়া)— I agree to your proposal.

Agree with (a person) (ব্যক্তির সাথে সম্মত হওয়া)— I didn't agree with him. He ate some sea food that did not agree with him. (সহনীয় হওয়া)

Akin to (সমজাতীয়)—They speak a language akin to France.

Alarmed at/by (ভীত)— I was a bit alarmed at/by the news of his illness.

Alien to (বিদেশি)—When I first went to New York, it seemed to be alien to me.

Align with (একমত হওয়া)— The major unions aligned with the government on the issue.

Alive to (সজাগ)— We should be alive to our problems.

Allegiance to (আনুগত্য)—Soldiers must swear allegiance to the crown/the king.

Allergic to (sth) (ভীষণ অপছন্দ)— Many of our friends are allergic to smoking.

Alliance or Allied with/to (মৈত্রী)—Some of us feel that the union is in alliance with management.

Allot to (বিলি করা)— They alloted a separate desk to everyone.

Allude to (উল্লেখ করা)— He alluded to the story in the speech.

Alternate with (পর্যায়ক্রমে ঘটে)— Periods of depression alternate with excited behaviour.

Alternative to (বিকল্প/পরিবর্তে)— There is no alternative to education.

Amazed at (বিস্মিত)— She was amazed at how calm she felt after the accident.

Ambition for; Ambitious of (উচ্চাকাঙ্ক্ষা)— I have ambition for fame./I am ambitious of fame.

Amenable to (বাধ্য)— He is not amenable to reasons.

Amused at/by (কৌতুক বোধ করা)—She was very amused by/at your comments.

Analogy with/between (সাদৃশ্য)—He drew an analogy between the brain and a vast computer./Dr Wood explained the movement of light by analogy with the movement of water.

Angry at/about/over (ক্ষুব্ধ)— He is angry at my failure.

Angry for (কোনো কাজে রাগান্বিত)— He was angry with me for my having done this.

Angry with (sb) (কারো সাথে রাগান্বিত)— I am angry with him.

Annex to (সংযোজিত করা)— Annex this slip to the letter.

Annoyed with sb at/ about sth /for doing sth (বিরক্ত)—He was annoyed with me for my going there./ He was annoyed at my conduct.

Answerable to sb, for sth (কৈফিয়ত দিতে দায়বদ্ধ)— I am not answerable to anyone for my business.

Antecedent of (পূর্ববর্তী)— Charles Babbage's mechanical calculating engines were the antecedents of the modern computer.

Antidote to (প্রতিষেধক)— Regular exercise is the best antidote to tiredness and depression.

Antipathy to/towards (ঘৃণা)— He has an antipathy to smoking.

বইঘর.কম

Anxious about (sth) (উদ্বিগ্ন) — I am anxious about my examination.

Anxious for (sb) (চিন্তিত)— We were anxious for you.

Apart from (ব্যতীত)— He has never been apart from his mother.

Apathy towards (অনাগ্রহ)— He has a great apathy towards his studies.

Apology for (sth) (কোনো কারণে ক্ষমা চাওয়া) — You must ask apology to him for your rudeness.

Apology to (sb) (কারো কাছে ক্ষমা চাওয়া)— You must ask apology to him.

Appeal to sb/ for sth/ to do sth (আবেদন করা)— The footballer appealed to the referee for a free kick/She has lodged an appeal against the severity of the fine.

Appendix to (পরিশিষ্ট)— Please look at the appendix to the main chapter.

Appetite for (ক্ষুধা)— My brother has no appetite for food.

Applicable to (প্রযোজ্য)—The new qualifications are applicable to all European countries.

Apply for (দরখাস্ত করা)— I intend to apply for a job in the Accounts Dept.

Appointed to (a post) (নিযুক্ত)— He appointed me to this post.

Appointment with (sb) (সাক্ষাতের সময়) — I have an appointment with the MP at 10:30.

Appropriate to (প্রযোজ্য)— Is this an appropriate occassion to discuss Finance?

Approve of (অনুমোদন করা)— He doesn't approve of smoking.

Apt in/at (তীক্ষ্ণ/দক্ষ)— He is apt in mathematics, or at (quick) figures.

Aptitude for (আসক্তি) — I have no aptitude for music.

Argue for/against (পক্ষে/বিপক্ষে বলা) — He argued against death penalty.

Argue over (কোনো বিষয়ে তর্ক করা) — The children were arguing over which TV program to watch.

Argue with (তর্ক করা)— I do not want to argue with you about the matter.

Arrive at (পৌঁছানো)— The leader arrived at a decision at last.

Ascend from (উপরে ওঠা)— He watched the mist ascending from the valley.

Ascend to (আরোহণ করা)— The divers have begun to ascend to the surface of the water.

Ashamed of (লজ্জিত)— I am ashamed of his conduct.

Ask about (খোঁজ করা) — He asked about you.

Asked for (sth) (চাওয়া)— The money we asked for was not forthcoming.

Aspirant to/for (উচ্চাকাঙ্ক্ষী)—The soldier was an aspirant to the throne.

Aspiration to do sth/ for sth (আকাঙ্ক্ষা)— The young girl has an aspiration for the better future.

Aspire to (আকাঙ্ক্ষা করা)— As a child, he aspired to be a great writer.

Assign to (নির্দিষ্ট করে দেয়া)—The case has been assigned to our senior officer.

Assist in (সাহায্য করা)— The army arrived to assist in the search.

Associated with (জড়িত)—I no longer wish to be associated with people like him.

Assured of (আশ্বাস দেয়া)— He assured me of his help.

Astonished at (বিস্মিত)—The doctors were astonished at the speed of her recovery.

At lunch (দুপুরের খাবারে)— I was talking so much at lunch that my food went cold.

At the bottom (নিচে)— The teacher asked the students to do exercise at the bottom of the page.

At the fork (রাস্তার মোড়)— Turn right at the first fork and go 500 yards up the road.

www.boighar.com

At the sight of (দর্শনে)— I was horrified at the sight of so much distress.

At the weekend (সপ্তাহন্তে)— Are you doing anything special at the weekend?

Attach to (জুড়ে দেয়া)— I attached a photo to my application form.

Attachment for (আসক্তি)—This food processor has a special attachment for grinding coffee.

Attacked by/with (আক্রমণ)— He was attacked and seriously injured by a gang or youths.

Attain to (অর্জন করা)—He attained to greatness by dint of perseverance.

Attend on (সেবা করা)— Nurses attend on patients.

Attend to (মনোযোগ দেয়া) — Please attend to my lecture.

Attended by/with (সঙ্গী হওয়া)—The princess was attended by her ladies-in-waiting.

Attentive to (যত্নবান)— Ministers should be more attentive to the needs of families.

Attribute to (আরোপ করা)— Most experts have attributed the drawing to Michel Angelo.

Authority on (বিশেষজ্ঞ)— Mr. Swan is a leading authority on English Grammar.

Authority over (কর্তৃত্ব)— The parents should have authority over their sons and daughters.

Avail of (সুযোগ লওয়া)— Employees should avail themselves of the opportunity to buy cheap shares in the company.

Available to/for (লভ্য)— There is no money available for an office party this year./It is vital that food is made available to the famine areas.

Averse to (বিমুখ)— People who are averse to hard work generally do not succeed in life.

Aversion to (বিরাগ)— She has a deep aversion to getting up in the morning.

Aware of (অবহিত/সচেতন)— He was well aware of his problems.

B

Bad at (sth) (অদক্ষ)— I am not bad at tennis.

Ban on/from (নিষেধাজ্ঞা)—She was banned from driving for two years./There should be a ban on talking loudly in cinemas.

Bar to (বাধা)— A lack of formal education is no bar to becoming rich.

Based on (প্রতিষ্ঠিত)— The film is based on a short story by Thomas Mann.

Beg for (কোনোকিছু চাওয়া)—They beg for mercy.

Behave towards (আচরণ করা)— I think he behaved disgracefully towards you.

Believe in (বিশ্বাস করা)— They don't believe in living together before marriage.

Belong to (অধিকারভুক্ত হওয়া)—This book belongs to Sarah.

Below poverty line (দারিদ্র্য সীমার নিচে)— Most people in Bangladesh live below poverty line.

Beneficial to (উপকারী)— Exercise is beneficial to health.

Bent on (সংকল্পবদ্ধ)— He was bent on walking the entire distance.

Bereft of (বঞ্চিত)— Alone now and most penniless, he was bereft of hope.

Beset with/by (বেষ্টিত)— With the amount of traffic nowadays, even a trip accross town is beset by/with dangers.

Bestow on (দান করা)— The George cross is a decoration that is bestowed on British civilians for acts of great bravery.

Beware of (সতর্ক হওয়া)— Beware of falling asleep while sunbathing.

Bias against (বিরোধ)— I have no bias against late marriage.

Bias towards (পক্ষপাত)— He has no bias towards anything particular.

বইঘর.কম

Blessed with (সৌভাগ্যশালী/সুখী হওয়া)—She is blessed with both beauty and brains. He is blessed with his children.

Blind of (অন্ধ)— The boy is blind of one eye.

Blind to (উদাসীন)— He is blind to his son's fault.

Boast of (অহংকার করা)— He boasted of his accomplishments.

Born of/in (জাত/উদ্ভূত)— She was born in 1950./The alliance was born of necessity in 1941.

Borrow of/from (ধার করা)— English has borrowed many words from/of French.

Bound for/by/in (আবদ্ধ)— She was on a plane bound for Moscow when she became ill./The village is bounded on one side by a river./I am bound in honour to help you.

Bow to (নত হওয়া)—They bowed to the Queen.

Break in (কথার মাঝে কথা বলা) — It's impolite to break in when someone else is talking.

Breakdown of (ভেঙে ভেঙে বিস্তারিত লেখা) — I would like a complete breakdown of these figures, please.

Bridge over (সেতু)— There is a bridge over the river.

Brood over (চিন্তা করা)— He sat there brooding over whether life was worth living.

Burdened with (ভারাক্রান্ত)— He is burdended with a big family.

Burst into/out (ফেটে পড়া)— He burst into tears at the sad news./They burst out laughter at my story.

Business with (sb) (ব্যবসা)— I am pleased to do business with you.

Busy at/in/with/about (ব্যস্ত)—He is busy at his desk./He is busy in doing his work./He is busy with his lesson./He is always busy about nothing.

Buy of (কেনা)— I bought this thing of him.

By heart (মুখস্থ)— He learnt the poem by heart.

C

Callous to (উদাসীন)— He is callous to my sufferings.

Capable of (সমর্থ)— Only the Democratic Party is capable of running the country.

Care for (যত্ন নেওয়া)— He does not care for me.

Careful/Careless of/about (যত্নবান/যত্নহীন)— He is in a really foul temper. So be careful about/of what you say to him./It was careless of him to leave the door unlocked.

Cast aside (ছুড়ে ফেলা)— As soon as he become rich, he cast aside his old friends.

Catch at (আঁকড়ে ধরা)— A drowning man catches at a straw.

Cater for /to (সরবরাহ করা)—The club caters for children between the ages of 4 and 12.

Cause of, for (কারণ, যুক্তি)— I have no cause for anxiety.

Cautious of; Caution aganist (সতর্ক)—He is cautious of giving offence./Take proper caution against malaria.

Certain of/Certainty of/about (নিশ্চিত/নিশ্চয়তা)— He is quite certain of the attacker's identity. There is no certainty of/about it.

Certify to (প্রত্যয়ন করা/ সত্য বলে ঘোষণা)— I certify to his honesty.

Change into (এক জিনিস হতে অন্য জিনিসে পরিণত করা)— The magician changed the frog into a ball.

Characterised by; Characteristic of (বিশেষত্বপূর্ণ)— His plans are characterised by boldness./ Sentimentality seems a characteristic of all the writers of that period

Charge against/of (অভিযোগ)— The police brought a charge of theft against him.

Charge with (অভিযুক্ত করা)— He was charged with theft.

Claim upon/aganist/to/for (দাবি)— I have no claim upon or against him./She has no rightful claim to the title./Please submit your claim for travelling.

www.boighar.com

Clear of (অপসারণ করা)—This is the first time in his life that he's been clear of debt.

Cling to (লেগে থাকা)— The road clings to the coastline for several miles, then it turns in land.

Close with (গ্রহণ করা)— The play closed with the tragic death of both hero and heroine.

Clothed with/in (পরিহিত)— Clothed with shame, she left the place./She was clothed in a purple gown.

Clue to (সূত্র)—We now have an important clue to the identify of the thief.

Co-operate with (সহযোগিতা করা)— The spanish authorities co-operated with the British police in finding the terrorists.

Coincide with (একই সময়ে ঘটা)— His statement coincides with mine.

Collaborate with/in/on (সহযোগিতা করা)— Two writers collaborated on the script for the film./A German company collaborated with a Swiss firm to develop the product./ The British and Indian police collaborated in catching the terrorist.

Collide with (ধাক্কা লাগা)— It was predicted that a comet would collide with one of the planets.

Combination of (সমন্বয়)— The combination of Nitrogen and Glycerin creates a potent explosive.

Combine with (মিলিত হওয়া)— As a writer, he combined wit with passion.

Commence on/with (আরম্ভ করা)— The course commences with a one week instruction on Art Theory.

Commensurate with (যথোপযুক্ত)— He was paid a salary commensurate with skills and experience.

Comment on/upon (মন্তব্য করা)—My mum always comments on/upon what I'm wearing.

Commit to (মুখস্থ করা)— Commit the passage to memory.

Common to (সাধারণ)—English has some features common to many languages.

Communicate to/with/on (অন্যকে প্রদান করা)—We can now communicate instantly with people on the other side of the world./Has the news been communicated to the staff yet?

Compare to (ভিন্ন জিনিসের মধ্যে তুলনা করা)— He compared the heart to a pump.

Compare with (সমজাতীয়ের মধ্যে তুলনা করা)— Compare Akbar with Aurangazeb.

Compatible with (সামঞ্জস্যপূর্ণ)— Drive the car at a speed compatible with safety.

Compensate for (ক্ষতিপূরণ দেয়া)— He will compensate you for the loss.

Compete with/for (প্রতিদ্বন্দ্বিতা করা)—Both girls compete for their fathers' attention./I am not competing with that noise.

Competent for (যোগ্য)— He is competent for the post.

Complain of, about (sth) (অসুস্থতার কথা জানানো, নালিশ করা)— He complained of headache.

Complain to (sb)(নালিশ করা)— These days everybody complains to the government.

Comply with (সম্মত হওয়া)— Mrs. Tania complied with my request.

Composed of (গঠিত)—The committee is composed of MPs, doctors, academics and members of the public.

Conceal from (গোপন করা)—Is there anything you are concealing from me?

Conceive of (ধারণা করা)—He couldn't conceive of a time when he would have no job.

Concentrate on/upon (কেন্দ্রীভূত হওয়া/মনোযোগ দেয়া)—I am going to concentrate on/upon my writing for a while.

Concern about/over/for sb/sth (উদ্বেগ)— Villagers expressed concern about the level of traffic.

বইঘর.কম

Concerned over/at/by sth, at/over sb/sth (উদ্বিগ্ন)— Students are concerned for their result.

Concerned in, with (জড়িত, সম্পর্কিত)— I am not concerned in this matter. The lesson is concerned with poetry.

Conclusion of/to/from (সমাপ্তি)— I found the conclusion of the film rather irritating./This is the conclusion to the story./You can draw some conclusion from the evidence.

Condemn to (দণ্ডিত করা)— The criminal was condemned to death.

Condole with/on (সমবেদনা প্রকাশ করা)—We condoled with him on his loss.

Conducive to (উপকারী)— Early rising is conducive to health.

Confer on/with/about (পরামর্শ করা)— An honorary decorate was conferred on him by Edinburgh University./I shall confer with him about your prayer.

Confess to/Confession of (স্বীকার করা)— She confessed to her husband that she had sold her wedding ring./I can't ask for help. It feels like a confession of failure.

Confide in/to (বিশ্বাস করে বলা)— I've never felt able to confide in my sister./He confided to his friends that he didn't have much hope for his marriage.

Confidence in (আত্মবিশ্বাস)— She has full confidence in her ability.

Confident of (আশাবাদী)— He is confident of success.

Confined in/to (আবদ্ধ)— Let's confine our discussion to the matter in question please./He is confined in jail.

Conform to (অনুসরণ করা)— A style of reporting must confirm to the prevailing practice.

Confront with (সম্মুখীন হওয়া)— Customers are confronted with a bewildering amount of choice.

Confuse with (তালগোল পাকানো)—You're confusing me with my sister,— she's the one studying drama.

Congenial to (উপযোগী)— The climate is congenial to health.

Congratulate on (অভিনন্দন জানানো)— I congratulated him on his success.

Connected or connection with (সংযুক্ত/সংযোগ)— Everyone tries to be connected with the film industry.

Conscious of (সচেতন)— I was very conscious of the fact that I had to make a good impression.

Consideration for (বিবেচনা)— You've got no consideration for others!

Consist in (বিদ্যমান থাকা)— True happiness consists in contentment.

Consist of (গঠিত)— The school consists of five classrooms.

Consistent with (সামঞ্জস্যপূর্ণ)— We do not consider his behaviour to be consistent with the holding of a high ranking job.

Consolidate for (একত্রীকরণ করা বা হওয়া)— The two companies consolidated for greater efficiency.

Consult with (পরামর্শ করা)— This afternoon the Prime Minister was consulting with his advisors and we are expecting an announcement shortly.

Contact with (সংযোগ)—She finally made contact with him in Italy.

Contemporary of (সমসাময়িক ব্যক্তি)— C. Marlowe was a contemporary of Shakespeare.

Contented with (সন্তুষ্ট)— He is contented with a little.

Contiguous to (সংলগ্ন)— The two states are contiguous with/to each other, but the laws are quite different.

Contrary to (বিপরীত)— She acted contrary to orders.

www.boighar.com

Contrast to/between (বৈষম্য; বৈসাদৃশ্য)—Your action is a contrast to our profession./ There is a great contrast between the two.

Contrast with (তুলনা)— The marble is smooth and polished, making a strong contrast with the worn stonework around it.

Contribution to (অবদান)— He has a great contribution to this locality.

Control over (নিয়ন্ত্রণ)— He has no control over himself.

Converse with (কথা বলা)— She's so shy that conversing with her can be quite difficult.

Converted to (ধর্মান্তর করা)— He converted to Catholicism when he got married.

Convict of (দণ্ড দেওয়া)— He has twice been convicted of robbery.

Convinced of (নিশ্চিত, আশ্বস্ত)— He is convinced of your honesty.

Cope with (এঁটে উঠা)— She cannot cope with so much work.

Correspond with, about/to (চিঠিপত্র লেখা, সঙ্গতিপূর্ণ হওয়া)— I shall correspond with him about the matter./The American FBI corresponds to the British M15.

Count upon/on (নির্ভর করা)— I count on your help.

Crave for (আকাঙ্ক্ষা করা)— He craves for wealth.

Credit to an account/with money (জমা করা)— Credit the amount to my account./He credited my account with $ 20 after I pointed out the mistake.

Creep up (বৃদ্ধি পাওয়া)— Prices are creeping up again.

Cruise to (জয়লাভ করা)— The home team cruised to victory.

Culminate in (সর্বোচ্চ সীমানায় পৌছান)— The many years of research have finally culminated in a cure for the disease.

Cure of/for (চিকিৎসা করা/ওষুধ)— At one time the doctors couldn't cure people of TB./There's still no cure for cancer.

Curse for (অভিশাপ দেয়া)— He cursed himself for his stupidity.

D

Deaf of (বধির)— He is deaf of an ear.

Deal in (sth) (ব্যবসা করা)— He deals in rice.

Deal with (sb) (আচরণ করা)— He deals in rice but does not know how to deal with the customers.

Debar from (sth) (বাধা দেয়া)— He was debarred from voting.

Decide upon/on (সিদ্ধান্ত নেয়া)— He has not decided upon/on his plan of action.

Dedicate to (উৎসর্গ করা)—The book is dedicated to the author's brother.

Deduce from (সিদ্ধান্ত করা)— We cannot deduce very much from these figures.

Defend from/against (রক্ষা করা)— I shall defend you from your enemy./White blood cells help defend the body against infection.

Defer to (স্থগিত/মূলতবী রাখা)— I have to defer to my boss on important decisions.

(In) Deference to (কাহাকে শ্রদ্ধাজ্ঞাপনের উদ্দেশ্যে)— She covered her head in deference to muslim custom.

Deficient in (হীন, কম)—A diet deficient in vitamin D may cause the disease rickets.

Delegate to (প্রতিনিধি) — Mrs. Jhorna welcomed the delegates to the conference.

Deliberate upon/on (বিবেচনা করা)—The jury took five days to deliberate on/upon the case.

Deliver to/from (পৌঁছে দেয়া/মুক্ত করা)— Mail is delivered to our office twice a day./We tried our best to deliver our friend from his suffering.

Delve into (অনুসন্ধান করা)—She delved into her boyfriend's distant past

Demand from/of/for (চাওয়া/প্রয়োজন হওয়া/ চাহিদা)— He has always demanded the highest standards behaviour from his children./I demand to see the manager./There was little demand for tickets./He seams to lack many of the qualities demanded of a successful politician.

বইঘর.কম

Depend on/ upon (নির্ভর করা)— We should not depend on others. I depended upon his word.

Dependent on (নির্ভরশীল)— Whether or not we go to Spain for our holiday is depended on the cost.

Deprive of (বঞ্চিত করা)— He claimed that he had been deprived of his freedom/rights.

Derive from (sth) (উৎসারিত হওয়া)— The income derived from the ownership of land is called rent.

Descend on/upon (আক্রমণ করা)— Armed thieves descended on/upon the harmless travellers.

Desire for (অভিলাষ)— I have no desire for riches.

Desist from (বিরত থাকা)— He desisted from doing this.

Despair of (নিরাশ হওয়া)— They began to despair of ever being rescued.

Destined for/to (গমনরত/নিয়তিনির্ধারিত)— These cars are destined for the European market./ These plans are destined to fail.

Destitute of (sth) (বিবর্জিত)— Officials who are destitute of sympathy do not have incentive to work.

Destructive to (নাশক)—What is good for the individual can be destructive to the family.

Detach from (বিচ্ছিন্ন করা)—You can detach the hood from the jacket.

Deter from (নিরস্ত)—High prices are deterring many young people from buying houses.

Detrimental to (sth/sb) (ক্ষতিকর)— Smoking is detrimental to health.

Deviate from (বিপথে গমন)— The recent pattern of weather deviates from the norm for this time of year.

Devoid of (বিহীন)— He is devoid of common sense.

Die by (কোনো কিছুর দ্বারা মারা যাওয়া)— He died by poison.

Die for (জীবন উৎসর্গ করা)— He died for his country.

Die from (কোনো কিছুর জন্য মারা যাওয়া)— The man died from hunger.

Die of (রোগে মরা)— The orphan died of cholera.

Differ from (ভিন্ন হওয়া)—Your coat differs from mine.

Differ with (sb) about/on/over sth (মতের মিল না হওয়া)— I differ with you on this point.

Difference between (পার্থক্য)—What is the difference between an ape and a monkey?

Different from (ভিন্ন/আলাদা)— My hobby is different from her hobby.

Difficulty in (সমস্যা)— I don't think you will have any difficulty in getting a driving license.

Diffident of (আত্মসন্দিগ্ধ)— I am diffident of success.

Disagree with (ভিন্নমত হওয়া)—I'm afraid I have to disagree with you.

Disappointed at/about/ by sth, in/with sb (হতাশ)— I was disappointed at the grades I received on my last essay.

Discourage from (sb from sth) (বাধা দেয়া)— The weather discouraged people from going out.

Discriminate from/between/against (পার্থক্য করা/বৈষম্য করা)—You should discriminate good boys from bad ones./She felt she had been discriminated against because of her age./Police dogs can discriminate between the different smells.

Disgrace to (কলঙ্ক)— You are a disgrace to the medical profession.

Dispense with (ত্যাগ করা)— We should dispense with formalities.

Displeased with/at/by (অসন্তুষ্ট)—City officials are displeased with the lack of progress./1 am displeased with him at or by his conduct.

www.boighar.com

Dispose of (পরাজিত করা, হত্যা করা, শেষ করা)—It took a mere five minutes for the whole champion to dispose of his opponent. There is much difficulty in disposing of nuclear waste.

Dispute with sb on/about/over sth (তর্ক)— The unions are in dispute with management over play./ I had dispute with him on the matter.

Disqualify for/from ((অযোগ্য করা)—He's been disqualified from competition for using drugs.

Distinguish between (পার্থক্য করা) — Death does not distinguish between the rich and the poor.

Distract from (বিভ্রান্ত করা)—He tried to distract attention from his own illegal activities.

Distrust of (অবিশ্বাস)— She has a distrust of journalist.

Divide among (অনেকের মাঝে বণ্টন করা)— He divided the mangoes among us.

Divide between (দুইয়ের মাঝে বণ্টন করা)— We divided the money between the two children.

Division among (বিভেদ, বিভক্তি)— The divisions among the various classes of society are not sharply marked as they used to be.

Doubt about/doubtful for (সন্দেহ/ অনিশ্চিত)— I am having doubts about his ability to do the job./I am doubtful for the game tomorrow.

Dressed in (পরিহিত)— The young woman was dressed in silk.

Drop to (নিচে নামানো, নিচু করা)— He dropped his voice to a whisper.

Dubious of/about (সন্দেহজনক)— I feel dubious of his sincerity./I'm dubious about his promises to change his ways.

Due to (প্রাপ্য)— Our thanks are due to the whole team.

Dull of (বধির)— You are dull of hearing.

Dwell in (বাস করা)— He dwells in this house.

Dwell upon/on (চিন্তাভাবনা বা আলোচনা করা)— She dwells long upon the matter.

E

Eager for/about (আগ্রহী)—They crowded round the spokesperson eager for any news./He is eager for fame, or about the result.

Easy of (সরল)— Our principal is easy of approach.

Effect of (প্রভাব)— The effect of smoking is proven to be extremely harmful.

Eject from (নির্গত করা/বহিষ্কার করা)— A number of football fans had been ejected from the bar for causing trouble.

Elicit from (কোনো কিছু টেনে বের করা বা কাউকে কোনো কিছু প্রকাশে বাধ্য করা)—Have you managed to elicit a response from them yet?

Eligible for (যোগ্য) — Only graduates are eligible for the post.

Emerge from/into (বের হওয়া)— The tiger emerged from the jungle into the open field.

Emigrate from/to (দেশান্তরিত হওয়া)— Millions of Germans emigrated from Europe to America in the nineteenth century.

Emit from (নির্গত হওয়া)— Smoke is emitted from the chimney.

Encroach on (অনধিকার প্রবেশ করা)— I resent it that my job is starting to encroach on my family life.

End in (শেষ করা)— The match ended in a draw.

Endowed with (ভূষিত)— Some lucky people are endowed with both brains and beauty.

Engaged with/on/in, to (নিযুক্ত, বাগদত্তা)— I was engaged in conversation with him./He is engaged on books./My daughter is engaged to his son.

Engrossed in (নিমগ্ন)—They were so engrossed in what they were doing that they didn't hear me come in.

Enter into (আবদ্ধ হওয়া)— We entered into an agreement.

Entertain sb with sth (বিনোদিত করা)— We were entertained by him with music at the party.

www.boighar.com

বইঘর.কম

Entitled to (অধিকারী)— I am entitled to a share in the profit.

Entrust sth to sb or, sb with sth (বিশ্বাস করে দেয়া)— The children were entrusted to the care of their uncle. I entrusted him with the thing.

Envious of (ঈর্ষান্বিত)— I am not envious of his success.

Equal to (যোগ্য)— He was equal to the task.

Equip with/for (সজ্জিত) — They equiped the boys with food and clothes for the journey.

Equivalent to (সমতুল্য) — A qualification which is equivalent to a degree.

Erase from (মুছে ফেলা) — He was a man of mystery erased from the history books.

Escape from (মুক্তি) —A lion has escaped from the cage.

Essential for/to (অত্যাবশ্যক)— Experience is essential for/to this job.

Evict from (উচ্ছেদ করা)— He was evicted from the pub for drunken and violent behaviour.

Excel in (সদগুণে শ্রেষ্ঠ হওয়া)— Rebeca always excelled in languages at school.

Exception to (ব্যতিক্রম)— There is no exception to the rule.

Exchange for/with (পরিবর্তে নেওয়া)—I often exchange ideas with him./What will you give me in exchange for this?

Exclude from (বাদ দেয়া)— Minors are excluded from the list of voters.

Excuse from/for (কোনো কিছু না করতে অনুমতি দেয়া/ক্ষমা করা)— I excuse you from attendance./Please excuse me for arriving late-the bus was delayed.

Exempt from (অব্যহতি দেয়া)— She was exempted from the fine.

Expect from/of (আশা করা)— I expect punctuality from my students.

Expel from (বিতাড়িত)— My friend was expelled from school for bad behaviour.

Experience in (doing) sth, of sth (অভিজ্ঞতা)— A doctor should have experience in dealing with patients suffering from stress.

Expert at/in/on (দক্ষ ব্যক্তি/সুদক্ষ)— My mother is an expert at dress-making./He is expert in drawing.

Expose to (অসংরক্ষিত করা)— About 800,000 children are exposed to poison each year.

External to (বহির্ভূত)— Female kangaroos carry their young in pouches that are external to their bodies.

Exult over/at/in (আনন্দোচ্ছ্বাস করা)— They exulted at/over their victory./She seems to exult in her power.

F

Face with (সম্মুখীন হওয়া) — He is faced with a great problem.

Fail in/in sth/ to do sth (ব্যর্থ হওয়া)— I failed in my attempt to persuade her.

Faith in (বিশ্বাস)— I have a great faith in you.

Faithful to বিশ্বস্ত)— He was faithful to his wife throughout their marriage life.

False to (বিশ্বাসঘাতক)— I cannot be false to my friend.

Familiar to sb with sth (সুপরিচিত)— The street was familiar to me.

Fantasize about (কল্পনা করা)— He fantasized about winning the lottery.

Fatal to (মারাত্মক)— Disunity finally proved fatal to the rebels.

Fatigued by (ক্লান্ত)— I am fatigued by wide travelling.

(In) Favour of (পক্ষে) — The council voted in favour of a Tk. 200 million housing development.

Favour with (দয়া করা) — Her economic theories favoured the government with a solution to reduce acute poverty.

www.boighar.com

Favourable to/for (অনুকূল)— We have had a favourable response to the plan so far.This time is favourable for attack.

In fear of (ভয়ে; আশঙ্কায়)— Shila sat inside, in fear of her life until the police came.

Fed up with (বিরক্ত)— I'm fed up with her.

Feed sth to sth/sb on (খাওয়ানো, খেয়ে বাঁচা)— Silkworms feed on mulberry leaves. Kids love feeding bread to the ducks.

Feel for/in (সহানুভূতি থাকা)— I feel for you in your trouble, but there is nothing I can do to help.

Fight for/with/against (যুদ্ধ করা)— He always fights for the poor with or against the rich.

Fire at/into/upon (গুলি করা)— I fired at the bird./The police fired into or upon the mob.

